নুশিন ইলেকট্রনিক্স
প্রোঃ মোঃ রেদওয়ান
এখানে সকল প্রকার ব্যাটারী (আইপিএস, গাড়ি, সৌর বিদ্যুৎ, চার্জার ফ্যানসহ অন্যান্য ব্যাটারী), ইলেকট্রিক মালামাল ও হাইব্রিড সোলার বিক্রয় এবং সরবরাহ করা হয়।
স্টেডিয়াম রোড, (টি.এন.টি অফিস সংলগ্ন) চাঁদপুর।
মোবাইল : ০১৮১৮৩১৭৮২৪, ০১৯৬১১০০৩০৫

দৈনিক
চাঁদপুর দিগন্ত
The Daily Chandpur Diganta
সত্য প্রকাশে অবিচল
সরকারি বিজ্ঞাপন তালিকাভুক্ত
সোমবার
রেজিঃ নং-চ-৫১৩
৫ অক্টোবর ২০২৬
২১ তম বর্ষ : সংখ্যা-৬২
২০ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
২২ রবি: সানি ১৪৪৮ হিজরী
মূল্য ৫ টাকা
E-mail : dailydiganta@gmail.com
Website : www.chandpurdiganta.com

নিষেধাজ্ঞার আগে
চাঁদপুরে ইলিশের দামে উর্ধ্বগতি

স্টাফ রিপোর্টার

প্রজনন মৌসুমে ইলিশ ধরায় নিষেধাজ্ঞার আগে চাঁদপুরে বেড়েছে ইলিশের দাম। গত সপ্তাহে এক কেজির ইলিশ আড়াই হাজারে বিক্রি হলেও এখন দাম বেড়ে ৩ হাজারে দাঁড়িয়েছে। আড়তদার ও ব্যবসায়ীরা বলছেন, সরবরাহের তুলনায় চাহিদা বেশি থাকায় দাম কমছে না। মৎস্য বিভাগ বলছে, এবার জেলেরা কম-বেশি ইলিশ পেয়েছেন এবং মা ইলিশকে ডিম ছাড়ার সুযোগ দিলে এর সুফল জেলেরাই পাবেন।
শনিবার সদর উপজেলার বহরিয়া ও হরিণা মাছঘাটে গিয়ে দেখা যায়, বহরিয়ায় সর্বোচ্চ ৫০০ গ্রাম ওজনের ইলিশ পাওয়া যাচ্ছে। ছোট ইলিশের হালি ৩০০-৫০০ টাকা এবং ৫০০ গ্রামের হালি ২ হাজার টাকা। মাছ আসার সঙ্গে সঙ্গেই বিক্রি হয়ে যাচ্ছে।
বহরিয়ার জেলে হান্নান গাজী বলেন, শেষ সময়ে আমদানি কিছুটা বাড়লেও আগস্টে তা খুবই কম ছিল। এখন পাওয়া ইলিশে কোনোরকমে খরচ উঠছে। আড়তদার মো. ইদ্রিস আলী বলেন, আমদানি বাড়লেও ২-এর পাতায় দেখুন

মেজর আখতারুজ্জামানকে গ্রেপ্তার ও 'অপমানের'
নিন্দা জামায়াত আমিরের

দিগন্ত ডেস্ক

বিমানবন্দরে যাত্রী সাধারণের দুর্ভোগ ও অনিয়মের বিরুদ্ধে প্রতিবাদ জানানোয় বীর মুক্তিযোদ্ধা ও সাবেক সংসদ সদস্য মেজর (অব.) আখতারুজ্জামানকে গ্রেপ্তার করা হয়েছে মন্তব্য করে এর তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। নিজের ভেরিফায়েড ফেসবুক অ্যাকাউন্টে দেওয়া এক স্ট্যাটাসে তিনি এই মন্তব্য করেন।
স্ট্যাটাসে বলা হয়, বীর মুক্তিযোদ্ধা ২-এর পাতায় দেখুন

রাষ্ট্রপক্ষের আপিল খারিজ, সোসাইটির গভর্নিং বডি পরিচালনায় আর কোন বাধা নেই
চাঁদপুর আল-আমিন একাডেমির গভর্নিং বডি বাতিলে হাইকোর্টের রায় বহাল

স্টাফ রিপোর্টার

ঐতিহ্যবাহী শিক্ষাপ্রতিষ্ঠান চাঁদপুর আল-আমিন একাডেমি স্কুল অ্যান্ড কলেজের গভর্নিং বডি বাতিলে কুমিল্লা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের চিঠির কার্যকারিতা বাতিল করে হাইকোর্টের দেয়া রায় বহাল রেখেছেন সুপ্রিম কোর্টের আপিল বিভাগের চেম্বারজজ।
রোববার ৪ অক্টোবর বিচারপতি মো: রেজাউল হক এর বেঞ্চ হাইকোর্টের রায়ের বিরুদ্ধে রাষ্ট্রপক্ষের করা লিভ টু আপিল খারিজ করে দেন। মহামান্য সুপ্রিম কোর্ট সরকার পক্ষের মিছ আপীল পিটিশন ৯৪২/২০২৬ খারিজ করে দিয়েছে। রবিবার আপীলেট ডিভিশনে দোতরফা শুনানীঅন্তে সরকার পক্ষের সিভিল রীট পিটিশন ৯৪২/২৬ খারিজ করে। এই আদেশের ফলে মহামান্য হাইকোর্ট এর আদেশ বহাল থাকে।
সুপ্রিম কোর্টের আদেশের ফলে কুমিল্লা শিক্ষা বোর্ড কর্তৃক সোসাইটির গভর্নিং বডি বাতিল ও এডহক কমিটি গঠনের চিঠির কার্যকারিতা আর রইল না। সোসাইটি পরিচালিত কমিটি উক্ত প্রতিষ্ঠান পরিচালনায় বাধা ২-এর পাতায় দেখুন

আসন্ন শারদীয় দুর্গাপূজার প্রাক-প্রস্তুতিমূলক সভায় সভাপতিত্ব করেন চাঁদপুর জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমান।

চাঁদপুরে বারান্দায় খেলার সময় বিদ্যুৎস্পৃষ্টে ২ শিশু আহত, ঢাকায় প্রেরণ

শহর প্রতিনিধি

চাঁদপুর শহরে বাসার বারান্দায় খেলতে গিয়ে ৩৩ হাজার ভোল্টের বিদ্যুৎ সঞ্চালন লাইনের সংস্পর্শে এসে দুই শিশু গুরুতর দগ্ধ হয়েছে। শনিবার দুপুর ২টার দিকে শহরের নিউ ট্রাক রোড এলাকার 'আরএস

টাওয়ারের' পঞ্চম তলার একটি ফ্ল্যাটে এ দুর্ঘটনা ঘটে।
চাঁদপুর সরকারি জেনারেল হাসপাতালের আবাসিক চিকিৎসা কর্মকর্তা (আরএমও) আসিবুল হাসান বলেন, দগ্ধ দুই শিশুকে প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়েছে। ফাইজার শরীরের প্রায় ৫০ শতাংশ এবং সাব্বিরের শরীরের প্রায় ৬০ ২-এর পাতায় দেখুন

মেহের ডিগ্রি কলেজ সরকারিকরণের লক্ষ্যে দানপত্র দলিল সম্পাদন অনুষ্ঠানে উপস্'িত শ্রম ও কর্মসংস্'ান বিষয়ক সংসদীয় স্'ায়ী কমিটির সদস্য লায়ন ইঞ্জিনিয়ার মমিনুল হক এমপি।

মেহের ডিগ্রি কলেজ সরকারিকরণের লক্ষ্যে দানপত্র দলিল সম্পাদন

শাহরাস্তি প্রতিনিধি

শাহরাস্তি মেহের ডিগ্রি কলেজ সরকারিকরণের লক্ষ্যে দানপত্র দলিল (উববফ ড়ভ এরভঃ) সম্পাদন অনুষ্ঠিত হয়েছে।
রবিবার (৪ অক্টোবর) বেলা ১২টায় মেহের ডিগ্রি কলেজ মাঠে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্'িত ছিলেন লায়ন ইঞ্জিনিয়ার মমিনুল হক এমপি, সদস্য, শ্রম ও কর্মসংস্'ান বিষয়ক সংসদীয় স্'ায়ী কমিটি।
মেহের ডিগ্রি কলেজ পরিচালনা পর্ষদের সভাপতি আবু ইউসুফ রুপমের সভাপতিত্বে অনুষ্ঠানে উদ্বোধনী বক্তব্য রাখেন কলেজের অধ্যক্ষ মিজানুর রহমান। অনুষ্ঠান সঞ্চালনা করেন কলেজের ভাইস প্রিন্সিপাল জিয়া উদ্দিন চৌধুরী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ২-এর পাতায় দেখুন

চাঁদপুরে পদোন্নতিপ্রাপ্ত ২ পুলিশ সদস্যকে ব্যাজ পরালেন পুলিশ সুপার

শহর প্রতিনিধি

চাঁদপুর জেলা পুলিশে নতুন দায়িত্ব ও মর্যাদায় ভূষিত হলেন দুই জন সদস্য। কনস্টেবল থেকে সহকারী উপ-পরিদর্শক (এএসআই-নিরস্ত্র) পদে সদ্য পদোন্নতি পাওয়া দুই সদস্যকে আনুষ্ঠানিকভাবে র‍্যাংক ব্যাজ পরিয়ে দেওয়া হয়েছে।
রোববার (০৪ অক্টোবর, ২০২৬) চাঁদপুরের পুলিশ সুপার কার্যালয়ে আয়োজিত এক সংক্ষিপ্ত ও আনন্দঘন অনুষ্ঠানে পদোন্নতিপ্রাপ্ত মোহাম্মদ ইসমাইল ও মোহাম্মদ জাহাঙ্গীর আলমের কাঁধে র‍্যাংক ব্যাজ তুলে দেন চাঁদপুরের পুলিশ সুপার মো. মিজানুর রহমান। পুলিশ হেডকোয়ার্টার্স কর্তৃক পদ বিভাজনকৃত পদোন্নতিযোগ্য শূন্য পদের বিপরীতে এই দুই পুলিশ সদস্যকে পদোন্নতি প্রদান করা হয়। র‍্যাংক ব্যাজ পরিধান শেষে পদোন্নতিপ্রাপ্তদের অভিনন্দন জানিয়ে পুলিশ সুপার মো. মিজানুর রহমান বলেন, "পদোন্নতি শুধুই ২-এর পাতায় দেখুন

পদোন্নতিপ্রাপ্ত ২ পুলিশ সদস্যকে ব্যাজ পরালেন পুলিশ সুপার।

চাঁদপুরে ভোক্তার অভিযানে ৩ প্রতিষ্ঠানকে জরিমানা

শহর প্রতিনিধি

চাঁদপুরে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ভেজালবিরোধী এক অভিযানে তিন প্রতিষ্ঠানকে মোট ৩০ হাজার টাকা জরিমানা করা হয়েছে। রোববার (৪ অক্টোবর) জেলা শহরের চৌধুরীঘাট, মদিনা শপিং কমপ্লেক্স ও জেএম সেনগুপ্ত রোড এলাকায় এ অভিযান পরিচালিত হয়।
অভিযান সূত্রে জানা যায়, বিক্রয়কেন্দ্রে বিদেশি কসমেটিকসে আমদানিকারকের বাধ্যতামূলক স্টিকার না থাকা এবং কোনো বৈধ লাইসেন্স ছাড়াই ফুড সাপ্লিমেন্ট ও ক্যালসিয়াম বিক্রির অপরাধে 'রেড রোজ কসমেটিকস'কে ১৫ হাজার টাকা জরিমানা ২-এর পাতায় দেখুন

চাঁদপুরে ২৩২ মণ্ডপে দুর্গাপূজা : নিরাপত্তা ও সম্প্রীতি রক্ষায় প্রশাসনের উদ্যোগ

শহর প্রতিনিধি

চাঁদপুরে আসন্ন শারদীয় দুর্গাপূজা ২০২৬ সুষ্ঠু, শান্তিপূর্ণ ও নিচ্ছিন্দ্র নিরাপত্তা পরিবেশে উদযাপনের লক্ষ্যে এক প্রাক-প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে। রোববার (৪ অক্টোবর, ২০২৬) বেলা ১২টায় চাঁদপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে জেলা প্রশাসনের আয়োজনে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন চাঁদপুর জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমান। এতে চাঁদপুরের সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি, ২-এর পাতায় দেখুন

জেলা প্রশাসকের সাথে হাজীগঞ্জ বাজার ব্যবসায়ী সমিতির মতবিনিময়

হাজীগঞ্জ প্রতিনিধি

হাজীগঞ্জ বাজার ও বলাখাল বাজার কুমিল্লা-চাঁদপুর আঞ্চলিক মহাসড়কের উপর ঝুঁকিপূর্ণ অবস্থানে থাকা বৈদ্যুতিক পিলারগুলো নিরাপদ দূরত্বে স্থানান্তরের বিষয়ে জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমানের সঙ্গে মতবিনিময় করেছেন, হাজীগঞ্জ বাজার ব্যবসায়ী সমিতির নেতৃবৃন্দ।
রোববার (৪ অক্টোবর) দুপুরে জেলা প্রশাসকের কার্যালয়ে ব্যবসায়ী সমিতির নেতৃবৃন্দ এ মতবিনিময় সভায় অংশ নেন। সভায় বাজারের সড়ক নিরাপত্তা, পথচারী ও যানবাহন চলাচলে প্রতিবন্ধকতা এবং ৪২টি বৈদ্যুতিক পিলার নিরাপদ স্থানে স্থানান্তরের প্রয়োজনীয়তা নিয়ে আলোচনা করা হয়।
হাজীগঞ্জ ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক মো. শাহাব উদ্দিনের নেতৃত্বে অনুষ্ঠিত সভায় সমিতির দপ্তর সম্পাদক মোহাম্মদ হাবীব উল্যাহ, শিল্পবিষয়ক সম্পাদক হাফেজ তানভীর হোসেন, বাণিজ্য সম্পাদক মো. আশ্রাফ আলী এবং ওয়ার্ড কমিশনার মো. হাছান ও মো. শাহাদাত হোসেন মিশু উপস্থিত ছিলেন।
এদিকে বিষয়টির প্রতি সর্বোচ্চ গুরুত্ব দিয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়েছে উল্লেখ করে জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমান বলেন, লক্ষ্মীপুরেও সড়ক থেকে বৈদ্যুতিক পিলার ২-এর পাতায় দেখুন

হাজীগঞ্জ বড় মসজিদ ওয়াকফ এস্টেট নিয়ে পাল্টাপাল্টি অভিযোগে উত্তেজনা

স্টাফ রিপোর্টার

হাজীগঞ্জ ঐতিহাসিক বড় মসজিদ ও আহমাদ আলী পাটওয়ারী ওয়াকফ এস্টেটকে ঘিরে বিভিন্ন অভিযোগ ও পাল্টা অভিযোগে উত্তেজনা তৈরি হয়েছে। আদালতে বিচারাধীন বিষয় নিয়ে প্রচার-প্রচারণার মাধ্যমে প্রতিষ্ঠানটির বিরুদ্ধে জনমনে বিরূপ ধারণা তৈরির চেষ্টা চলছে বলে অভিযোগ করেছেন ওয়াকফ এস্টেটের মোতওয়াল্লী প্রিন্স শাকিল আহমেদ। তার আশঙ্কা, এভাবে ২-এর পাতায় দেখুন

নিরাপদ খাদ্য নিশ্চিতে চাঁদপুরে হোটেল-রেস্তোরাঁর শেফ ও মালিকদের প্রশিক্ষণ কর্মশালায় উদ্বোধনী বক্তব্য রাখছেন অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট উজালা রানী চাকমা।

নিরাপদ খাদ্য নিশ্চিতে
চাঁদপুরে হোটেল-রেস্তোরাঁর শেফ ও মালিকদের প্রশিক্ষণ কর্মশালা

স্টাফ রিপোর্টার

'নিরাপদ খাদ্য আইন-২০১৩ প্রতিপালন ও হোটেল-রেস্তোরাঁর খাদ্যের নিরাপত্তা' শীর্ষক হোটেল-রেস্তোরাঁর প্রধান শেফ (বাবুর্চি) ও মালিকদের প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।
রবিবার (৪ অক্টোবর) চাঁদপুর শহরের ফয়সাল শপিং মার্কেটের ৩য় তলায় হোটেল-রেস্তোরাঁ মালিক সমিতির কার্যালয়ে এ প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়।
চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি চাঁদপুর ও কনজুমার অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব)-এর সার্বিক ব্যবস্থাপনায় এবং বাংলাদেশ হোটেল-রেস্তোরাঁ মালিক সমিতি চাঁদপুর জেলা শাখার আয়োজনে এ কর্মশালা অনুষ্ঠিত হয়।
প্রধান অতিথির বক্তব্যে মুঠোফোনে যুক্ত হয়ে বক্তব্য রাখেন জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমান।
তিনি প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণের জন্য আগত সকল হোটেল-রেস্তোরাঁর মালিক ও প্রধান শেফদের ধন্যবাদ জানিয়ে বলেন, আশা করি এই প্রশিক্ষণের মাধ্যমে আপনারা নিরাপদ খাদ্য নিশ্চিত করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবেন। খাদ্যে নিরাপত্তা নিশ্চিত করা আমাদের সবার দায়িত্ব। আপনারা প্রশিক্ষণ থেকে অর্জিত জ্ঞান নিজ নিজ প্রতিষ্ঠানে কাজে লাগিয়ে ভোক্তাদের জন্য নিরাপদ ও মানসম্মত খাবার পরিবেশনে আরও সচেতন হবেন। তিনি বলেন, এ ধরনের গুরুত্বপূর্ণ প্রশিক্ষণ আয়োজনের জন্য আয়োজকদের ধন্যবাদ জানাই। জেলা প্রশাসনের পক্ষ থেকে ২-এর পাতায় দেখুন

ফরিদগঞ্জে ছাত্রলীগ কর্মী 'হ্যাকার' রাকিব গ্রেফতার

ইয়াছিন পালোয়ান

ফরিদগঞ্জে সন্ত্রাসবিরোধী আইনে দায়েরকৃত মামলায় অনলাইন

অ্যাক্টিভিস্ট ও নিষিদ্ধ ঘোষিত ছাত্রলীগের সক্রিয় কর্মী রাকিবুল হাসান ওরফে 'হ্যাকার রাকিব' (২০)কে গ্রেপ্তার করেছে পুলিশ।
??শনিবার (৩ অক্টোবর) বিকেলে ফরিদগঞ্জ থানার অফিসার ইনচার্জ মোহাম্মদ এরশাদ উল্যাহর নির্দেশে থানা পুলিশের একটি চৌকস টিম উপজেলার বালিথুবা পশ্চিম ইউনিয়নে বিশেষ অভিযান চালিয়ে তাঁকে গ্রেপ্তার করে। গ্রেপ্তারকৃত ২-এর পাতায় দেখুন

হাজীগঞ্জে সড়ক দুর্ঘটনার প্রতিবাদে সড়ক অবরোধ।

হাজীগঞ্জে পিকআপের ধাক্কায় শিক্ষার্থী আহত, সড়ক অবরোধ

ইউসুফ বেপারী

হাজীগঞ্জ সরকারি মডেল কলেজের দ্বাদশ শ্রেণির শিক্ষার্থী ইসরাত জাহান সড়ক দুর্ঘটনায় আহত হওয়ার ঘটনায় মানববন্ধন ও সড়ক অবরোধ করে বিক্ষোভ করেছেন শিক্ষার্থী ও স্থানীয়রা। এ সময় ইসরাতের চিকিৎসার ব্যয় বহন এবং দুর্ঘটনার জন্য দায়ী পিকআপ চালকের শাস্তিসহ নিরাপদ সড়কের দাবিতে বিভিন্ন স্লোগান দেন তারা।
রবিবার (৪ অক্টোবর) দুপুরে হাজীগঞ্জ ঐতিহাসিক মসজিদের সামনে এ কর্মসূচি অনুষ্ঠিত হয়। এতে হাজীগঞ্জ সরকারি মডেল কলেজের শিক্ষার্থী ও স্থানীয়রা বিভিন্ন দাবি সংবলিত ব্যানার-ফেস্টুন নিয়ে অংশ নেন।
কর্মসূচিতে 'নিরাপদ সড়ক চাই', 'জাস্টিস ফর ইসরাত'সহ বিভিন্ন স্লোগান দেওয়া হয়। পরে ইসরাতের বিচারের ২-এর পাতায় দেখুন

মতলব উত্তরে মাদক কারবারিসহ আটক ২৪

মতলব উত্তর প্রতিনিধি

মতলব উত্তরে মাদক ও কিশোর গ্যাংবিরোধী বিশেষ অভিযান চালিয়ে তিন মাদক কারবারিকে গ্রেপ্তার করেছে পুলিশ। একই অভিযানে ২১ কিশোরকে আটক করে যাচাই-বাছাই শেষে অভিভাবকদের জিম্মায় দেওয়া হয়েছে।
গত শনিবার সন্ধ্যার পর থেকে রাত ১২ টা পর্যন্ত মতলব উত্তর থানা এলাকায় এ অভিযান পরিচালনা করা হয়।
রোববার সকাল ১০ টায় এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য নিশ্চিত করেছে মতলব উত্তর থানা পুলিশ।
পুলিশ জানায়, মাদকসহ গ্রেপ্তার তিনজন হলেন, মো. সবুজ (৩৩), নুরুল ইসলাম ওরফে কৃষ্ণা (৩৫) এবং দেলোয়ার হোসেন ওরফে দেলু (৪৯)। তাদের কাছ থেকে ২০ গ্রাম গাঁজা, ৫৫ পিস ইয়াবা ও ১০০ গ্রাম গাঁজা এবং ২২ পিস ইয়াবা ও ৯০ গ্রাম গাঁজা উদ্ধার করা হয়। এ ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে পৃথক মামলা করা ২-এর পাতায় দেখুন

ইতিহাসে ৫ অক্টোবর

১৭৮৯ সালে ফরাসি বিপ্লবের সূচনা হয়। ১৮৬৪ সালে ঘূর্ণিঝড়ে কলকাতা ও সংলগ্ন অঞ্চলে ১৭ হাজার লোকের মৃত্যু হয়। ১৯৭৫ সালে প্রেসিডেন্টের এক অধ্যাদেশ বলে রক্ষীবাহিনীর সকল সদস্য বাংলাদেশ সেনাবাহিনীতে অন্তর্ভুক্ত হয়। এইছাড়া, এইদিন বিশ্ব শিক্ষক দিবস পালিত হয়।

স্থান পরিবর্তন
পুরাতন ঠিকানা
নতুন বাজার মোড়, চাঁদপুর।
নতুন ঠিকানা
বিদ্যুৎ অফিসের অপর পাশে, নতুনবাজার, চাঁদপুর।
নিউ ক্যাফে ঝীল হোটেল এন্ড রেষ্টুরেন্ট
মোবাইল : ০১৮১৯-১৪২০২৫, ০১৭৩৪-৮৩৫২০৪

কাদলা খাদিজাতুল কোবরা রাঃ মহিলা ফাযিল মাদ্রাসা
নিয়োগ বিজ্ঞপ্তি
চাঁদপুর জেলাধীন কচুয়া উপজেলার অন্তর্গত কাদলা খাদিজাতুল কোবরা রাঃ মহিলা ফাযিল (প্রস্তাবিত) মাদ্রাসার (দাখিল এমপিও ভুক্ত, আলিম অনুমতি প্রাপ্ত) ডাকঘরঃ কাদলা বাজার, উপজেলাঃ কচুয়া, জেলাঃ চাঁদপুর, সরকারি বিধি মোতাবেক শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন নিম্নোক্ত পদসমূহে নিয়োগের নিমিত্তে উপযুক্ত প্রার্থীদের কাছ থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে। ১) প্রভাষক আরবি ২) প্রভাষক বাংলা। প্রতি পদে একজন করে। মহিলা অগ্রাধিকার।
আগ্রহী প্রার্থীদেরকে বিজ্ঞপ্তি প্রকাশের ১৫ দিনের মধ্যে প্রয়োজনীয় কাগজপত্র সহ মাদ্রাসার অধ্যক্ষ বরাবর আবেদন করার জন্য অনুরোধ করা হলো।
অধ্যক্ষ- ০১৭১০১৯২৩২৬, সভাপতি- ০১৭১৫০০৫৮৯৬

দৈনিক চাঁদপুর দিগন্ত

The Daily Chandpur Diganta — সত্য প্রকাশে অবিচল

সোমবার ৫ অক্টোবর ২০২৬, ২০ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ, ২২ রবিঃ সানি ১৪৪৮ হিজরী

ফিতা কেটে জেলা গণগ্রন্থাগারে নবনির্মিত 'নজরুল কর্ণার' ও 'স্থানীয় লেখক কর্ণার'-এর শুভ উদ্বোধন করছেন চাঁদপুর জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমান।

চাঁদপুরে জেলা গণগ্রন্থাগারে সেবাগ্রহীতাদের সাথে মতবিনিময় ও নজরুল কর্ণার উদ্বোধন

শহর প্রতিনিধি

চাঁদপুর জেলা সরকারি গণগ্রন্থাগারের উদ্যোগে 'সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়নে সেবাগ্রহীতাদের সাথে মতবিনিময় সভা' অনুষ্ঠিত হয়েছে। রোববার ৪ অক্টোবর ২০২৬ চাঁদপুর বিটি রোডস্থ ঘোলঘর এলাকার জেলা গণগ্রন্থাগার মিলনায়তনে এই সভা অনুষ্ঠিত হয়।

সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চাঁদপুর জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট আহমেদ জিয়াউর রহমান। চাঁদপুর জেলা গণগ্রন্থাগার কর্মকর্তা উম্মে রায়হানা ফেরদৌসের উপস্থাপনা ও সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন চাঁদপুর সাহিত্য একাডেমির মহাপরিচালক কাদের পলাশ।

প্রধান অতিথির বক্তব্যে জেলা প্রশাসক বলেন, "স্মার্টফোন আমাদের মূল্যবান সময় নষ্ট করছে, প্রযুক্তির এই যুগেও বইয়ের কোনো বিকল্প নেই।" অনুষ্ঠানে বক্তারা বিশ্বজুড়ে বইয়ের তুমুল জনপ্রিয়তার উদাহরণ টেনে সাহিত্য একাডেমি পরিচালক মুহাম্মাদ ফরিদ হাসান বক্তব্যে বলেন, বিশ্বে একদিনে ৮৩ লক্ষ বই বিক্রির এবং একটি বই-ই ৮ কোটি কপি বিক্রির মতো গৌরবময় ইতিহাস রয়েছে। জেলা লাইব্রেরির পাশাপাশি চাঁদপুর সাহিত্য একাডেমি ও জেলায় একাধিক বেসরকারি পাঠাগার গড়ে তোলার ধারণার ওপরও সভায় গুরুত্বারোপ করা হয়। ২-এর পাতায় দেখুন

চাঁদপুর জেলা পুলিশের বুনিয়াদি কোর্সের প্রশিক্ষণার্থীদের ওরিয়েন্টেশন কর্মশালা

শহর প্রতিনিধি

৮১তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের অংশ হিসেবে চাঁদপুর জেলা পুলিশের সার্বিক কার্যক্রম, প্রশাসনিক কাঠামো ও মাঠ পর্যায় পর্যবেক্ষণ করতে আসা প্রশিক্ষণার্থীদের নিয়ে এক বিশেষ ওরিয়েন্টেশন কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

রোববার (০৪ অক্টোবর, ২০২৬) চাঁদপুরের পুলিশ সুপার কার্যালয়ের সম্মেলন কক্ষে আয়োজিত এই কর্মশালায় সভাপতিত্ব করেন চাঁদপুর জেলা পুলিশের অভিভাবক পুলিশ সুপার মো. মিজানুর রহমান। অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) মো. খায়রুল কবিরের সঞ্চালনায় এতে জেলা পুলিশের মাঠ পর্যায়ের বাস্তব অভিজ্ঞতা, প্রশাসনিক চেইন অব কমান্ড এবং শান্তিশৃঙ্খলা রক্ষার কৌশল তুলে ধরা হয়।

কর্মশালায় পুলিশ সুপার মো. মিজানুর রহমান নবীন কর্মকর্তাদের স্বাগত জানিয়ে বলেন, "একটি দক্ষ, স্বচ্ছ ও জনবান্ধব প্রশাসন গড়ে তুলতে মাঠ পর্যায়ের বাস্তব অভিজ্ঞতার কোনো বিকল্প নেই। জেলা পুলিশের প্রতিটি স্তরের কার্যক্রম সরাসরি দেখার মাধ্যমে অর্জিত অভিজ্ঞতা প্রশিক্ষণার্থীদের পেশাগত জীবনে বিশেষ ভূমিকা রাখবে।" উল্লেখ্য, বিসিএস ২-এর পাতায় দেখুন

মতলব উত্তর থানার নতুন ওসি মানস বড়ুয়া

শামীম মিয়াজী

পুলিশ পরিদর্শক মানস বড়ুয়া বাংলাদেশ পুলিশের একজন দক্ষ কর্মকর্তা, যিনি বর্তমানে চাঁদপুর জেলার মতলব উত্তর থানার অফিসার ইনচার্জ (ওসি) হিসেবে যোগদান করেছেন। ২০২৬ সালের সেপ্টেম্বর মাসের শেষের দিকে তিনি এই থানায় যোগদান করেন।

তার উল্লেখযোগ্য কর্মজীবন এবং বিভিন্ন দায়িত্বের বিবরণ : বর্তমান কর্মস্থল (মতলব উত্তর থানা): তিনি ২০২৬ সালের সেপ্টেম্বর মাসে মতলব উত্তর থানার অফিসার ইনচার্জ (ওসি) হিসেবে দায়িত্বভার গ্রহণ করেন।

পূর্ববর্তী কর্মস্থল বান্দরবানের রুমা থানা: মতলব উত্তর থানায় আসার ঠিক আগে তিনি বান্দরবান জেলার রুমা থানার ওসি হিসেবে কর্মরত ছিলেন। পার্বত্য অঞ্চলের এই ২-এর পাতায় দেখুন

রহিমানগর বাজার কমিটির সেক্রেটারী হাজী মো: কবির হোসেনের সাফ কথা :

স্টাফ রিপোর্টার

রহিমানগর বাজার উন্নয়নে যা যা করেছেন; নিন্দুকদের সমালোচনার জবাবে তিনি বলেন, আমরাতো এখনো বাজার কমিটিতে আছি, ব্যবসায়ীরা নির্বাচন চাচ্ছে। আমরা দায়িত্ব গ্রহণ করেছি ২ বছর ২ মাস। ৫ই আগস্ট থেকে ১০ আগস্ট পর্যন্ত দেশে কোন সরকার ছিল না! বাংলাদেশের এমন কোন বাজার নেই যেখানে লুটতরাজ, আগুনে জ্বালাও পোড়াও করা হয় নাই, কিন্তু আমরা রহিমানগর বাজারে কোন দোকান-পাটে লুটতরাজ অথবা আগুন দেওয়ার মতো ঘটনা ঘটতে দেই নি। সেই কারণে ব্যবসায়ীরা আমাদের উপর সন্তুষ্ট হয়ে রহিমানগর হাই স্কুল অডিটোরিয়ামে সম্মেলন করে আমাদেরকে বাজার পরিচালনার দায়িত্ব দিয়েছে। দীর্ঘদিন কেয়ারটেকার সরকার ক্ষমতায় ছিল। তারপর মিলন ভাই এবং মোশাররফ ভাইয়ের নমিনেশন পাওয়া না পাওয়ার প্রতিযোগিতায় নামে। আমি এবং জাহাঙ্গীর চেয়ারম্যান মিলন ভাইয়ের নমিনেশন পাওয়ার শোডাউনের জন্য কচুয়া থানায় যতগুলো মহাসমাবেশ বা সমাবেশ হয়েছে, প্রত্যেকটা প্রোগ্রামে মোটরসাইকেল, পিক-আপ ও লোকজন সংগ্রহ করে প্রোগ্রামগুলোতে অংশগ্রহণ করিয়েছি। আমাদের কাছে প্রত্যেকটা প্রোগ্রামের ছবি আছে। তারপর নমিনেশন পাওয়ার পর নির্বাচনী যুদ্ধে নেমে পড়ি। তিন মাস নির্বাচনী প্রচারণা শেষ করি। তারপর মিলন ভাই ১২ ফেব্রুয়ারী এমপি হয়েছে, শিক্ষামন্ত্রী হয়েছে। মন্ত্রী হওয়ার পর কচুয়ার নেতা-কর্মীদের স্পষ্ট বলেছিল, ছয় মাসের আগে অর্থাৎ ১৮০ দিন পূর্ণ না হওয়া পর্যন্ত যেন তাঁর কাছে কেউ কোন বিষয় নিয়ে না যায়! ঠিক ৬ মাস পর মন্ত্রীর বাসায় আমি আর জাহাঙ্গীর চেয়ারম্যান গিয়েছি, বলেছি, ভাই ছয় মাস পর আসছি, উনি স্পষ্ট করে বলেছেন যদি ওবায়দের বিরুদ্ধে মামলা করে আসতে পারো তাহলে আমার কাছে আসো, আমরা বোকা হয়ে গেছি। এবার আসি জেলা পরিষদের ব্যাপারে গত কমিটি অর্থাৎ আমাদের পূর্বের কমিটি ২০১৮ সালে জেলা পরিষদ মার্কেট করবে ঘোষণা দেয়ার পর সালাম সওদাগর ও সঞ্জিত সরকার ব্যবসায়ীদের কাছ থেকে ৪০ থেকে ৫০ লক্ষ টাকা উঠাইয়া হাইকোর্টে মামলা দায়ের করেছে এবং ওই সময় আওয়ামী লীগের এমপি মন্ত্রীদেরকে ২-এর পাতায় দেখুন

আলগী বাজারে যানজট ও ফুটপাত দখলমুক্ত করতে ওসির অভিযান

হাইমচর প্রতিনিধি

হাইমচর উপজেলার আলগী বাজারে যানজট নিরসন ও ফুটপাত দখলমুক্ত করতে রাতে অভিযান পরিচালনা করেছেন হাইমচর থানার অফিসার ইনচার্জ (ওসি) মোহাম্মদ শাহ আলম পিপিএম।

রোববার (৪ অক্টোবর ২০২৬) রাতে আলগী বাজারে সরেজমিনে গিয়ে সড়কে অবৈধভাবে রাখা মালামাল ও ফুটপাত দখল করে ব্যবসা পরিচালনাকারীদের সতর্ক করেন ওসি। একই সঙ্গে যান চলাচল স্বাভাবিক রাখতে ব্যবসায়ী ও পথচারীদের প্রয়োজনীয় নির্দেশনা দেন তিনি।

ওসি মোহাম্মদ শাহ আলম পিপিএম বলেন, আলগী বাজারে যানজট ও ফুটপাত দখলের কারণে সাধারণ মানুষের চলাচলে যাতে দুর্ভোগ সৃষ্টি না হয়, সে বিষয়ে পুলিশ নিয়মিত নজরদারি করবে। জনস্বার্থে বাজারকে যানজট ও ফুটপাতমুক্ত রাখতে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে।

পুলিশের এ উদ্যোগে স্থানীয় ব্যবসায়ী ও পথচারীদের মধ্যে স্বস্তি দেখা গেছে।

ইসলামী আন্দোলন বাংলাদেশ চাঁদপুর জেলা সভাপতি হাফেজ মাওলানা মুহাম্মদ মাকসুদুর রহমানের পিতার জানাজায় অংশগ্রহণকারী মুসল্লিদের একাংশ।

ইসলামী আন্দোলন বাংলাদেশ চাঁদপুর জেলা সভাপতির পিতার জানাজা ও দাফন সম্পন্ন

সদর প্রতিনিধি

ইসলামী আন্দোলন বাংলাদেশ চাঁদপুর জেলা সভাপতি হাফেজ মাওলানা মুহাম্মদ মাকসুদুর রহমানের পিতা মুহাম্মদ ইউসুফ আলী মিয়াজি (৯০) গতকাল ৩ অক্টোবর রাত ১১.৩৮ মিনিটে রঘুনাথপুরস্থ তার নিজ বাসভবনে ইন্তেকাল করেছেন। ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন। মৃত্যুকালে তিনি স্ত্রী, ৩ ছেলে, ৩ মেয়ে, ভাই-বোন, বন্ধুমহলসহ অসংখ্য গুণগ্রাহী রেখে যান। তিনি বেশ কিছুদিন অসুস্থ হয়ে চিকিৎসাধীন অবস্থায় ছিলেন।

গতকাল বাদ জোহর দক্ষিণ রঘুনাথপুর ইয়াকুব বেপারি বাড়ি শাহি জামে মসজিদ প্রাঙ্গণে মরহুমের জানাজা অনুষ্ঠিত হয়। জানাজাপূর্ব আলোচনায় অংশ নেন খেলাফত মজলিস চাঁদপুর জেলা সভাপতি মাওলানা তোফায়েল আহমেদ, এনসিপির আহ্বায়ক মাহবুব আলম, বিএনপির জেলা সাংগঠনিক সম্পাদক মোশাররফ হোসেন, ইসলামী ২-এর পাতায় দেখুন

হাজীগঞ্জে জায়গা দখলের অভিযোগে হয়রানির শিকার অলিউল্লাহ

নিজস্ব প্রতিনিধি

হাজীগঞ্জ উপজেলার ৯নং গন্ধর্ব্যপুর (উত্তর) ইউনিয়নের গন্ধর্ব্যপুর গ্রামের মিজি বাড়ি এলাকায় জায়গা দখল ও বিভিন্ন অভিযোগের বিষয়ে নিজের অবস্থান পরিষ্কার করে প্রতিবাদ জানিয়েছেন অলিউল্লাহ।

"কাজী লাখী নামে এক নারী তার বিরুদ্ধে যে অভিযোগ করে হয়রানী করছে তা ভিত্তিহীন। তার সঙ্গে তার জায়গা নিয়ে কোনো ধরনের সম্পর্ক নেই। অথচ আমাকে জড়িয়ে নানা অভিযোগ করা হচ্ছে এবং হয়রানি করা হচ্ছে।"

তিনি আরও বলেন, ওই জায়গার মালিকানা বা দখল সংক্রান্ত বিষয়ে তিনি কোনোভাবেই অবগত নন। তার দাবি, "তাদের পূর্বপুরুষরা অনেক আগেই ওই জায়গা বিক্রি করে অন্যত্র চলে গেছেন। বর্তমানে ২-এর পাতায় দেখুন

সুতা আমদানির নিয়ম বদল: নতুন জটিলতায় পোশাক কারখানার মালিকরা

নিজস্ব প্রতিবেদক

বন্ড সুবিধায় আমদানি করা সুতার ছাড়পত্র নিয়ে নতুন জটিলতায় পড়েছেন তৈরি পোশাকশিল্পের মালিকরা। চট্টগ্রাম বন্দরে আমদানি করা কিছু সুতা আটকে থাকায় সময়মতো কারখানায় কাঁচামাল পৌঁছাচ্ছে না। এতে রফতানিমুখী পোশাক কারখানার উৎপাদন ব্যাহত হওয়ার পাশাপাশি নির্ধারিত সময়ে পণ্য জাহাজীকরণ নিয়েও তৈরি হয়েছে অনিশ্চয়তা।

পোশাকশিল্পের মালিকদের অভিযোগ, জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) নতুন আদেশ কার্যকর হওয়ার আগে খোলা ঋণপত্রের (এলসি) বিপরীতে আমদানি করা সুতার ক্ষেত্রেও এখন নতুন শর্ত আরোপ করা হচ্ছে। বিশেষ করে পণ্যের বিল অব ল্যাডিংয়ের (বিএল) তারিখকে বিবেচনায় নিয়ে কাস্টমস কর্মকর্তারা ব্যাংক গ্যারান্টি দাবি করছেন। ফলে পুরোনো এলসির বিপরীতে আনা সুতা ছাড় করাতেও নতুন করে জটিলতা তৈরি হয়েছে।

খাত-সংশ্লিষ্টরা বলছেন, বন্ড সুবিধায় সুতা আমদানির নীতিতে পরিবর্তনের মূল উদ্দেশ্য দেশীয় সুতাকলকে সুরক্ষা দেওয়া হলেও এর বাস্তব প্রয়োগ নিয়ে এখন তৈরি পোশাকশিল্পে সমস্যা দেখা দিয়েছে। দ্রুত সমাধান না হলে কাঁচামাল সরবরাহের এই জটিলতা রফতানি উৎপাদনেও প্রভাব ফেলতে পারে।

যে আদেশ ঘিরে জটিলতা

গত ৭ সেপ্টেম্বর এনবিআর বন্ড সুবিধায় ১০ থেকে ৩০ কাউন্টের কটন সুতা আমদানির সুবিধা বাতিল করে আদেশ জারি করে। এর পরিবর্তে তৈরি পোশাক রফতানিকারকদের ৩-এর পাতায় দেখুন

মতলবে অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত পরিবারের পাশে দাঁড়ালেন মতলব দক্ষিণ উপজেলা বিএনপির সভাপতি ও সাবেক মেয়র এনামুল হক বাদলসহ বিএনপির নেতৃবৃন্দ।

মতলবে অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত পরিবারের পাশে দাঁড়ালেন বিএনপি নেতৃবৃন্দ

মতলব প্রতিনিধি

মতলব দক্ষিণ উপজেলার খাদেরগাঁও ইউনিয়নের মাছুয়াখাল জমাদার বাড়িতে অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত পরিবারের পাশে দাঁড়ালেন মতলব দক্ষিণ উপজেলা বিএনপির সভাপতি ও সাবেক মেয়র এনামুল হক বাদলসহ উপজেলা বিএনপির নেতৃবৃন্দ।

গত ৩ সেপ্টেম্বর শনিবার বিকেলে দলীয় নেতৃবৃন্দ নিয়ে অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত পরিবারের খোঁজ খবর নেন এবং চাঁদপুর-২ আসনের সংসদ সদস্য আলহাজ্ব ড. জালাল উদ্দিনের পক্ষ থেকে প্রতিটি ঘর নির্মানের জন্য ঢেউটিন প্রদানসহ সার্বিক সহযোগিতার ঘোষণা দেন। এছাড়াও খাদেরগাঁও ইউনিয়ন বিএনপির আহবায়ক ও পাটোয়ারী ফাউন্ডেশনের সভাপতি এ.এস.এম বদরুদ্দোজা দুলাল পাটোয়ারী একলক্ষ টাকা, ইউনিয়ন বিএনপির যুগ্ম আহবায়ক সুলতান কাজী'র পরিবারের পক্ষ থেকে চল্লিশ হাজার ২-এর পাতায় দেখুন

হাজীগঞ্জে সর্বতারা সমাজকল্যাণ প্রবাসী কল্যাণের উদ্যোগে অসহায় পরিবারের মাঝে ঢেউটিন বিতরণ।

হাজীগঞ্জে অসহায় পরিবারের পাশে সর্বতারা সমাজকল্যাণ প্রবাসী সংগঠন

নিজস্ব প্রতিনিধি

হাজীগঞ্জে সর্বতারা সমাজ কল্যাণ প্রবাসী সংগঠনের উদ্যোগে অসহায় ও দরিদ্র পরিবারের মাঝে খাদ্যসামগ্রী, নগদ অর্থ ও ঢেউটিন বিতরণ করা হয়েছে।

শনিবার বিকেলে সর্বতারা সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে আয়োজিত অনুষ্ঠানে চারটি অসহায় পরিবারের মাঝে খাদ্যসামগ্রী এবং দুটি পরিবারের মাঝে নগদ অর্থ সহায়তা প্রদান করা হয়। এর মধ্যে একটি ৩-এর পাতায় দেখুন

সাচারে ডেঙ্গু প্রতিরোধে জামায়াতের জনসচেতনতামূলক কর্মসূচি।

সাচারে ডেঙ্গু প্রতিরোধে জামায়াতের জনসচেতনতামূলক কর্মসূচি

কচুয়া প্রতিনিধি

ডেঙ্গু প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে কচুয়া উপজেলার ১নং সাচার ইউনিয়নে জনসচেতনতামূলক কর্মসূচি পালন করেছে বাংলাদেশ জামায়াতে ইসলামী। কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে রোববার (৪ অক্টোবর) বিকেল ৪টায় ইউনিয়নের রাগদৈল বাজারে এ জনসচেতনতামূলক কর্মসূচি অনুষ্ঠিত হয়। কর্মসূচির অংশ হিসেবে স্থানীয় বাসিন্দাদের মধ্যে ডেঙ্গু প্রতিরোধ ও জনসচেতনতা বিষয়ক লিফলেট বিতরণ করা হয়। একই সঙ্গে ডেঙ্গুর কারণ, বিস্তার রোধ এবং মশার বংশবিস্তার ঠেকাতে করণীয় সম্পর্কে সাধারণ মানুষকে সচেতন করা হয়। প্রায় শতাধিক ৩-এর পাতায় দেখুন

গজরায় খেলোয়াড়দের মাঝে ফুটবল ও জার্সি বিতরণ করলেন শাহ্ আলম লস্কর

মতলব প্রতিনিধি

আসন্ন গজরা ইউনিয়ন পরিষদ নির্বাচনকে সামনে রেখে মতলব উত্তর উপজেলার গজরা ইউনিয়নে চেয়ারম্যান প্রার্থী শাহ্ আলম লস্কর খেলোয়াড়দের মাঝে ফুটবল ও জার্সি বিতরণ করেছেন।

শনিবার সন্ধ্যায় গজরা ইউনিয়নের রাজুরকান্দি এলাকায় বিএনপি নেতা সাইফুল ইসলামের বাড়ির প্রাঙ্গণে স্থানীয় খেলোয়াড়দের হাতে ফুটবল ও জার্সি তুলে দেয়া হয়। এ সময় শাহ্ আলম লস্কর বলেন, তরুণ সমাজই একটি ইউনিয়নের ভবিষ্যৎ। মাদক ও বিভিন্ন সামাজিক অপরাধ থেকে ছাত্র, কিশোর ও যুবকদের দূরে রাখতে খেলাধুলার প্রতি তাদের আগ্রহী করে তুলতে হবে।

পুঁজিবাজারে ৮ মাসে বিদেশি লেনদেন বেড়েছে ৩৭.৬ শতাংশ

নিজস্ব প্রতিবেদক

সংস্কার উদ্যোগ ও বিনিয়োগ প্রক্রিয়া সহজ করার ফলে দেশের পুঁজিবাজারে বিদেশি বিনিয়োগকারীদের অংশগ্রহণ বাড়ছে। চলতি বছরের প্রথম আট মাসে বিদেশি বিনিয়োগকারীদের মোট লেনদেন গত বছরের একই সময়ের তুলনায় ৩৭ দশমিক ৬ শতাংশ বেড়েছে। শুধু তাই নয়, জানুয়ারি থেকে আগস্ট পর্যন্ত এই লেনদেনের পরিমাণ গত বছরের পুরো বছরের মোট লেনদেনের প্রায় ৯৪ শতাংশে পৌঁছেছে। ঢাকা স্টক এক্সচেঞ্জের (ডিএসই) তথ্য অনুযায়ী, ২০২৬ সালের প্রথম আট মাসে বিদেশি ৩-এর পাতায় দেখুন

শাহরাস্তিতে সিঁধ কেটে ৫ ঘরে দুর্ধর্ষ চুরি

শাহরাস্তি প্রতিনিধি

শাহরাস্তিতে এক রাতেই সিঁধ কেটে পাঁচটি বসতঘরে দুর্ধর্ষ চুরির ঘটনা ঘটেছে। এতে এলাকাজুড়ে চুরি আতঙ্ক দেখা দিয়েছে।

স্থানীয় সূত্রে জানা যায় (২ অক্টোবর) শুক্রবার গভীর রাতে রাতে উপজেলার চিতোষী পশ্চিম ইউনিয়নের ৬ নং ওয়ার্ডে এলাকায় ঈশান দাসবাড়ি সংঘবদ্ধ চোরের দল কয়েকটি বসতঘরে সিঁধ কেটে প্রবেশ করে।

পরে ঘরের আলমারি ও বিভিন্ন স্থানে থাকা নগদ টাকা, স্মার্ট মোবাইল ও স্বর্ণালংকারসহ মূল্যবান মালামাল নিয়ে যায়।

ভুক্তভোগীরা সকালে ঘুম থেকে উঠে ঘরের সিঁধ কাটা দেখতে পেয়ে বিষয়টি জানতে পারেন। এক রাতেই পাঁচটি ঘরে চুরির ঘটনায় স্থানীয়দের মধ্যে উদ্বেগ ও আতঙ্ক ছড়িয়ে পড়েছে।

ভুক্তভোগীরা জানান, রাত ৩টা পর্যন্ত জাগনা ছিলাম আমি ঘরে মোবাইল ব্যবহার করেছি। রাত তিনটার পরে চোরেরা রাতের কোনো একসময় বাড়িতে প্রবেশ করে স্মার্ট মোবাইল সহ মালামাল নিয়ে গেছে। এ ঘটনায় ক্ষয়ক্ষতির ৩-এর পাতায় দেখুন

উপদেষ্টা সম্পাদক ঃ অধ্যক্ষ মুহাম্মদ মাহবুবুর রহমান, সম্পাদক ও প্রকাশক ঃ এ্যাডভোকেট মোঃ শাহজাহান মিয়া, নির্বাহী সম্পাদক ঃ মুহাম্মদ ইলিয়াছ পাটওয়ারী, যুগ্ম সম্পাদক : আব্দুস শুকুর মন্তান, ব্যবস্থাপনা সম্পাদক ঃ এ্যাডভোকেট শাহজাহান খান, যুগ্ম বার্তা সম্পাদক ঃ আদনান আল মুরাদ, মফস্বল সম্পাদক ঃ এম এ গফুর, বিশেষ প্রতিনিধি ঃ আবু সুফিয়ান ভুইয়া, আইটি ইনচার্জ ঃ জি এম এমরান হোসেন সম্পাদক ও প্রকাশক কর্তৃক মিয়াজী ম্যানশন (৩য় তলা), নতুনবাজার, চাঁদপুর থেকে প্রকাশিত, সিরাজ অফসেট প্রেস কুমিল্লা রোড, চাঁদপুর থেকে মুদ্রিত। অফিস- মিয়াজী ম্যানশন (৩য় তলা), নতুনবাজার, চাঁদপুর; ফোনঃ ০৮৪১-৬৭০৫৭ মোবাইল : ০১৭১২০৫০৩৪০, ০১৭১৫৯২৪৩০৮, ই-মেইল : digantachandpur@gmail.com, dailydiganta@gmail.com ওয়েব সাইট : www.chandpurdiganta.com

দৈনিক চাঁদপুর দিগন্ত সোমবার ॥ ৫ অক্টোবর ২০২৬

দৈনিক চাঁদপুর দিগন্ত

সোমবার ॥ ৫ অক্টোবর ২০২৬

সম্পাদকীয়

সংক্রমণ ও মৃত্যু বাড়ছেই ডেঙ্গু নিয়ন্ত্রণে আমরা কেন ব্যর্থ হচ্ছি

সেপ্টেম্বর-অক্টোবরে ডেঙ্গু পরিস্থিতি যে নিয়ন্ত্রণের বাইরে চলে যেতে পারে, তার আগাম সতর্কতা উচ্চারণ করেছিলেন কীটতত্ত্ববিদ ও জনস্বাস্থ্যবিদেরা। সেই সতর্কতা যে আমলে নেওয়া হয়নি, স্বাস্থ্য অধিদপ্তরের তথ্যই সেটা স্পষ্ট করছে। এ বছর ২ অক্টোবর পর্যন্ত ডেঙ্গুতে আক্রান্ত হয়ে ২৫০ জন মারা গেছেন। ২০০০ সালে দেশে ডেঙ্গুর প্রাদুর্ভাব শুরুর পর এটি এক বছরে চতুর্থ সর্বোচ্চ মৃত্যুর রেকর্ড। আমরা মনে করি, সারা বছর ডেঙ্গু নিয়ন্ত্রণ কার্যক্রমে সরকারের যে শিথিলতা, তার মূল্য নাগরিকদের দিতে হচ্ছে। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, সেপ্টেম্বর মাসে ডেঙ্গুতে ১৪৮ জনের মৃত্যু হয়েছে, ৪৩ হাজার ৭৭৪ জন হাসপাতালে ভর্তি হয়েছেন। আগস্টে মৃত্যু হয়েছিল ৪৩ জনের এবং আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছিলেন ২০ হাজার ৫৩৬ জন। অক্টোবর মাসের প্রথম তিন দিনেও সংক্রমণের ঊর্ধ্বমুখী প্রবণতা অব্যাহত রয়েছে। এ বছর ঢাকা ও ঢাকার বাইরে ডেঙ্গুতে আক্রান্তের সংখ্যা ঊর্ধ্বমুখী হওয়ায় হাসপাতালগুলোতে রোগীর চাপ অনেক বেড়ে গেছে। ডেঙ্গুতে আক্রান্ত রোগীদের হাসপাতালে ভর্তি করতে স্বজনদের এক হাসপাতাল থেকে অন্য হাসপাতালে ছুটতে হচ্ছে। জ্বালানির মূল্যবৃদ্ধি ও উচ্চ মূল্যস্ফীতির এই সময়ে ডেঙ্গুর চিকিৎসা ব্যয় মেটাতে পরিবারগুলোকে রীতিমতো হিমশিম খেতে হচ্ছে। এল-নিনোর প্রভাবে এবারের বর্ষা মৌসুম অপেক্ষাকৃত উষ্ণ; একই সঙ্গে থেমে থেমে বৃষ্টি হয়েছে।

হাজীগঞ্জ বড় মসজিদ

জনমতকে প্রভাবিত করে ওয়াকফ এস্টেটে 'মব' বা বিশৃঙ্খল পরিস্থিতি তৈরির চেষ্টা হতে পারে।

প্রিন্স শাকিল আহমেদ বলেন, ব্যক্তিগত স্বার্থ হাসিলের উদ্দেশ্যে একটি পক্ষ প্রশাসনের বিভিন্ন দপ্তরে 'মিথ্যা ও বিভ্রান্তিকর' তথ্য দিচ্ছে। সামাজিক যোগাযোগমাধ্যম ও বিভিন্ন গণমাধ্যমেও প্রচারণা চালানো হচ্ছে বলে অভিযোগ করেন তিনি।

মোতওয়াল্লীর অভিযোগ, ঠিকাদার মো. কবির হোসেন লিটন ভূয়া ভাউচার তৈরি করে অতিরিক্ত অর্থ নিয়েছেন। এ বিষয়ে পিবিআইয়ের তদন্তে দণ্ডবিধির ৪০৬ ও ৪২০ ধারায় অপরাধের সত্যতা পাওয়া গেছে বলে দাবি করেন তিনি। বিষয়টি নিয়ে চাঁদপুর আদালতে মামলা চলমান বলেও জানান তিনি।

আজাদ রহমান মাসুদ মজুমদারের বিষয়ে মোতওয়াল্লী দাবি করেন, নির্মাণাধীন মার্কেটে তিনটি কক্ষের জন্য তিনি ৩৮ লাখ টাকা জমা দিয়েছিলেন। পরে অর্থ পরিশোধ না করায় বিষয়টি আদালতে গড়ায় এবং পরবর্তী সময়ে তিনি ১ কোটি ৫০ লাখ টাকা দাবি করেন। বিষয়টিও আদালতে বিচারাধীন বলে জানান তিনি।

এ ছাড়া মোহাম্মদ আলাল হোসেনের বিরুদ্ধে কবরস্থানের জায়গায় মালিকানা দাবি ও দখলের চেষ্টা এবং সাবেক হিসাবরক্ষক মো. শাহ আলমের বিরুদ্ধে ঠিকাদার ও কর্মীদের সঙ্গে যোগসাজশ করে অর্থ আত্মসাতের চেষ্টার অভিযোগ করা হয়েছে।

অভিযোগ অস্বীকার করে কবির হোসেন লিটন বলেন, তার বিরুদ্ধে ভুয়া ভাউচার তৈরি ও অতিরিক্ত অর্থ নেওয়ার অভিযোগ সত্য নয়। ওয়াকফ এস্টেটের সঙ্গে কাজের হিসাব-নিকাশ নিয়ে বিরোধের জেরে এসব অভিযোগ করা হয়েছে।

আজাদ রহমান মাসুদ মজুমদার বলেন, দোকান বরাদ্দ ও অর্থ লেনদেনের বিষয়ে তার অবস্থানকে ভিন্নভাবে উপস্থাপন করা হয়েছে। মোতওয়াল্লীর বক্তব্য সঠিক নয় বলেও দাবি করেন তিনি।

শাহ আলম বলেন, ওয়াকফ এস্টেটের অর্থ আত্মসাতের অভিযোগ ভিত্তিহীন। দায়িত্ব পালনকালে তিনি নিয়ম মেনেই হিসাব পরিচালনা করেছেন এবং কোনো অনিয়মের সঙ্গে জড়িত নন।

মোহাম্মদ আলাল হোসেনও অভিযোগ অস্বীকার করে বলেন, কবরস্থানের জায়গা দখল বা অবৈধ মালিকানা দাবির অভিযোগ সত্য নয়। উদ্দেশ্যপ্রণোদিতভাবে তার বিরুদ্ধে এসব অভিযোগ করা হয়েছে।

মোতওয়াল্লী বলেন, আহমাদ আলী পাটওয়ারী (রহ.) ১ দশমিক ১৯ একর সম্পত্তি দিয়ে ওয়াকফ এস্টেটের যাত্রা শুরু করেন। বর্তমানে সম্পত্তির পরিমাণ ৯ দশমিক ৭০ একর। মসজিদ সম্প্রসারণ, মাদরাসা, শিক্ষা কার্যক্রম ও বিভিন্ন মার্কেট পরিচালনায় এস্টেট ভূমিকা রাখছে বলে তিনি দাবি করেন।

প্রিন্স শাকিল আহমেদ বলেন, আদালতে বিচারাধীন বিষয়ে রায় হওয়ার আগে কাউকে দায়ী করা উচিত নয়। আদালতের রায়ে কেউ টাকা বা সম্পত্তি পাওয়ার অধিকারী হলে বিধি অনুযায়ী তা পরিশোধ করা হবে। তবে রায়ের আগে প্রচার-প্রচারণার মাধ্যমে চাপ সৃষ্টি করা হলে প্রতিষ্ঠানের শান্তিপূর্ণ পরিবেশ ক্ষতিগ্রস্ত হতে পারে।

ওয়াকফ এস্টেটের সুনাম রক্ষা ও শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখতে অপপ্রচার এবং বিশৃঙ্খলা সৃষ্টির চেষ্টা বন্ধে প্রশাসনের হস্তক্ষেপ দাবি করেন তিনি।

জেলা প্রশাসকের সাথে

সরানো নিয়ে সৃষ্ট জটিলতার সমাধান হয়েছে। সেখানে কিভাবে সমাধান করা হয়েছে, তার খবর নিচ্ছি। আশাকরি, আমরা দ্রুত একটি সিদ্ধান্ত গ্রহণ করতে পারবো।

নেতৃবৃন্দ জানান, গুরুত্বপূর্ণ ও ব্যস্ত এ আঞ্চলিক মহাসড়কে বৈদ্যুতিক পিলার থাকায় যানবাহন ও পথচারীদের চলাচলে বিঘ্ন এবং প্রায় সময় দুর্ঘটনা ঘটে থাকে। পাশাপাশি বিদ্যুতের উচ্চ সঞ্চালন লাইনের কারণে মারাত্মক দুর্ঘটনা ও প্রাণনাশের ঝুঁকিও রয়েছে। তাই, জননিরাপত্তায় সড়ক থেকে নিরাপদ দূরত্বে বৈদ্যুতিক পিলার স্থানান্তর জরুরি।

হাজীগঞ্জে পিকআপের

দাবিতে শিক্ষার্থীরা মহাসড়কে অবস্থান নিয়ে প্রায় আধা ঘণ্টা সড়ক অবরোধ করেন। এতে মহাসড়কের উভয় পাশে যান চলাচল ব্যাহত হয়ে দীর্ঘ যানজটের সৃষ্টি হয়।

মানববন্ধনে শিক্ষার্থী আব্দুর রহমান সানি ও বিথি আক্তার বলেন, ইসরাতের চিকিৎসার সম্পূর্ণ ব্যয় দায়ী পক্ষকে বহন করতে হবে। একই সঙ্গে দুর্ঘটনার জন্য দায়ী চালকের দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করতে হবে। তারা দিনের বেলায় মহাসড়কে ট্রাক চলাচল বন্ধ এবং নিরাপদ সড়ক নিশ্চিত করার দাবিও জানান।

জানা যায়, গত ১৬ সেপ্টেম্বর শাহরাস্তির রাজাপুর এলাকায় সিএনজিচালিত অটোরিকশায় থাকা ইসরাত জাহানকে একটি পিকআপ বেপরোয়া গতিতে ধাক্কা দেয়। এতে গুরুতর আহত হন তিনি। ইসরাত বর্তমানে ঢাকায় চিকিৎসাধীন আছেন।

ফরিদগঞ্জে ছাত্রলীগ কর্মী

রাকিবুল হাসান বালিথুবা পশ্চিম ইউনিয়নের তরফদার বাড়ির সিফন তরফদারের ছেলে।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, হ্যাকার রাকিব দীর্ঘদিন ধরে ফরিদগঞ্জের স্থানীয় বিভিন্ন ব্যক্তির ফেসবুক অ্যাকাউন্ট হ্যাক করে নানামুখী অপপ্রচার চালিয়ে আসছিল। একই সঙ্গে সামাজিক যোগাযোগমাধ্যমে রাজনৈতিক ব্যক্তিত্ব ও সুশীল সমাজের লোকজনকে নিয়ে বিভ্রান্তিকর তথ্য ছড়িয়ে উসকানিমূলক বক্তব্য দিয়ে আসছিল।

??এ বিষয়ে ফরিদগঞ্জ থানার অফিসার ইনচার্জ মোহাম্মদ এরশাদ উল্যাহ জানান, নিষিদ্ধ ঘোষিত সংগঠন ছাত্রলীগের সক্রিয় কর্মী ও সাইবার অপরাধের জড়িত রাকিবুল হাসানকে গ্রেপ্তার করা হয়েছে। তাঁর বিরুদ্ধে সন্ত্রাসবিরোধী আইনে মামলা দায়ের শেষে রোববার (৪ অক্টোবর) দুপুরে বিজ্ঞ আদালতের মাধ্যমে জেলহাজতে পাঠানো হয়েছে।

চাঁদপুরে হোটেল-রেস্তোরাঁর

এ আয়োজনের সঙ্গে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানাচ্ছি। পাশাপাশি প্রশিক্ষণে অংশ নেওয়া সকল হোটেল-রেস্তোরাঁর মালিক ও প্রধান শেফদেরও ধন্যবাদ জানাই।

প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধক হিসেবে বক্তব্য রাখেন অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট উজালা রানী চাকমা।

তিনি বলেন, এত সুন্দর একটি আয়োজন করার জন্য ক্যাবকে ধন্যবাদ জানাই। আমরা যারা এখানে বসেছি, তারা সৃষ্টির শ্রেষ্ঠ জীব–আশরাফুল মাখলুকাত। মানুষের জন্যই আইন সৃষ্টি হয়েছে। পৃথিবীর অন্যান্য প্রাণীর চেয়ে মানুষকে আলাদা করেছে তার বিবেক। তাই খাদ্য প্রস্তুত ও পরিবেশনের ক্ষেত্রে প্রত্যেককে নিজের বিবেককে জাগ্রত রাখতে হবে।

তিনি আরও বলেন, ট্যানারির লবণ মানুষের খাবারের জন্য নয়। খাদ্যে অনুপযুক্ত কোনো উপাদান ব্যবহার করা যাবে না। আমরা ধর্মপ্রাণ মানুষ; নিজেদের পাশাপাশি অন্যের ভালো থাকার জন্যও প্রার্থনা করি। তাই মানুষের জীবনের সঙ্গে সরাসরি সম্পৃক্ত খাদ্যের নিরাপত্তা নিশ্চিত করার দায়িত্বও আমাদের সবার।

তিনি বলেন, একজন কর্মী দীর্ঘ সময় কাজ করার পর পর্যাপ্ত বিশ্রামের প্রয়োজন রয়েছে। তাই খাবারের দোকান ও রেস্তোরাঁয় কর্মীদের বিশ্রামের ব্যবস্থা করতে হবে। একই সঙ্গে প্রত্যেক খাবারের দোকানে বাধ্যতামূলকভাবে অগ্নিনির্বাপক যন্ত্র রাখতে হবে। নিরাপদ ও স্বাস্থ্যসম্মত পরিবেশ নিশ্চিত করতে পরিচ্ছন্ন ওয়াশরুমের ব্যবস্থাও রাখতে হবে।

খাদ্যের মান নিয়ন্ত্রণের বিষয়ে তিনি বলেন, শুধু খাবারের স্বাদ বাড়ানোর দিকে নজর না দিয়ে খাবারের গুণগত মান ও নিরাপত্তাকে বেশি গুরুত্ব দিতে হবে। এ ক্ষেত্রে প্রয়োজনীয় রেজিস্টার সংরক্ষণ এবং নিয়ম-নীতি যথাযথভাবে অনুসরণ করতে হবে। যারা নির্ধারিত মানদণ্ড পূরণ করতে পারবেন না, তারা গ্রেডিং তালিকায় অন্তর্ভুক্ত হতে পারবেন না।

তিনি চাঁদপুরের ব্যবসায়ীদের উদ্দেশে বলেন, চাঁদপুরের ব্যবসায়ীরা বিবেকবান। তাই ভোক্তাদের স্বাস্থ্য ও নিরাপত্তার কথা বিবেচনা করে নিরাপদ খাদ্য পরিবেশনের ক্ষেত্রে সবাইকে আরও দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে।

বাংলাদেশ হোটেল-রেস্তোরাঁ মালিক সমিতি চাঁদপুর জেলা শাখার সভাপতি নুরুল আলম লালুর সভাপতিত্ব কর্মশালায় বক্তব্য রাখেন চাঁদপুর প্রেস ক্লাবের সভাপতি সোহেল রুশদী, চাঁদপুর ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর সহকারী পরিচালক আব্দুল্লাহ আল ইমরান, চাঁদপুর জেলা কৃষি বিপণন কর্মকর্তা কামরুজ্জামান রুপম, চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির ভারপ্রাপ্ত সভাপতি তমাল কুমার ঘোষ, চাঁদপুরে কনজুমার অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব)-এর সাধারণ সম্পাদক অধ্যক্ষ মোশাররফ হোসেন।

কর্মশালা পরিচালনা করেন বাংলাদেশ হোটেল-রেস্তোরাঁ মালিক সমিতি চাঁদপুর জেলা শাখার সাধারণ সম্পাদক হাজী মাসুদ আখন ও চাঁদপুর ক্যাবের কর্মকতা সাংবাদিক বিপ্লব সরকার।

এ সময় চাঁদপুর প্রেসক্লাব সাধারণ সম্পাদক এম এ লতিফসহ চাঁদপুরের বিভিন্ন হোটেল-রেস্তোরাঁর মালিক, প্রধান শেফ (বাবুর্চি), সংশ্লিষ্ট ব্যবসায়ী, সংগঠনের নেতৃবৃন্দসহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

মতলব উত্তরে মাদক

হয়েছে। এদিকে, কিশোর গ্যাংবিরোধী অভিযানে ২১ কিশোরকে থানায় এনে তাদের পরিচয় ও সংশ্লিষ্টতা যাচাই করা হয়। পরে অপরাধের সঙ্গে সম্পৃক্ততার প্রমাণ না পাওয়ায় প্রকৃত অভিভাবকদের জিম্মায় তাদের দেওয়া হয়েছে বলে জানিয়েছে পুলিশ।

পুলিশ সুপার (এসপি) মো. মিজানুর রহমানের সার্বিক নির্দেশনায় এ অভিযানে নেতৃত্ব দেন, মতলব সার্কেলের সহকারী পুলিশ সুপার জাবীর হুসনাইন সানীব এবং থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মানস বড়ুয়া।

মাদকবিরোধী অভিযান আরও জোরদার করা হবে জানিয়ে সহকারী পুলিশ সুপার (মতলব সার্কেল) জাবীর হুসনাইন সানীব বলেন, মতলব উত্তর থানায় সম্প্রতি নতুন অফিসার যোগদান করেছেন। তার নেতৃত্বে মাদকবিরোধী অভিযান আরও গতিশীল হবে বলে আশা করছি।

চাঁদপুরে ভোক্তার অভিযানে

করা হয়। এছাড়া স্বাস্থ্য ঝুঁকি তৈরি করে কলায় ক্ষতিকর রাসায়নিক স্প্রে করে পাকানোর অপরাধে 'মেসার্স ভাই ভাই স্টোর'কে ১০ হাজার টাকা এবং ব্যবসায়ী আলম খানকে ৫ হাজার টাকা জরিমানা করা হয়। জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর চাঁদপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক আব্দুল্লাহ আল ইমরান এ জরিমানার আদেশ দেন এবং তা আদায় করেন।

সহকারী পরিচালক আব্দুল্লাহ আল ইমরান জানান, অভিযুক্ত প্রতিষ্ঠানগুলো তাৎক্ষণিকভাবে জরিমানার অর্থ পরিশোধ করেছে এবং ভবিষ্যতে বাজারজাতকরণে এ ধরনের নিয়মবহির্ভূত আচরণ করবে না বলে অঙ্গীকার করেছে। অভিযানকালে এলাকার অন্যান্য ব্যবসাপ্রতিষ্ঠান পরিদর্শন এবং ব্যবসায়ী ও সাধারণ ক্রেতাদের মাঝে জনসচেতনতামূলক লিফলেট বিতরণ করা হয়। ভোক্তা স্বার্থ সুরক্ষায় এ ধরনের অভিযান অব্যাহত থাকবে বলেও জানান তিনি। অভিযান পরিচালনা কাজে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর একটি চৌকস দল সার্বিক সহযোগিতা প্রদান করে।

চাঁদপুরে পদোন্নতিপ্রাপ্ত ২ পুলিশ

একটি মর্যাদা নয়, এটি দায়িত্ব পালনে নতুন এক অঙ্গীকার। পেশাদারিত্ব, নিষ্ঠা ও সততার সাথে চাঁদপুরের সার্বিক আইন-শৃঙ্খলা রক্ষা এবং জনগণের দোরগোড়ায় সেবা পৌঁছে দিতে আপনাদের অগ্রণী ভূমিকা পালন করতে হবে।" পদোন্নতি প্রদান অনুষ্ঠানে জেলা পুলিশের ঊর্ধ্বতন কর্মকর্তাদের উপস্থিতি আয়োজনটিকে আরও প্রাণবন্ত করে তোলে। এসময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) নাদিরা নূর, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) মো. খায়রুল কবীরসহ চাঁদপুর জেলা পুলিশের পদস্থ কর্মকর্তাবৃন্দ।

মেহের ডিগ্রি কলেজ

ছিলেন শাহরাস্তি উপজেলা নির্বাহী কর্মকর্তা মনিরা খাতুন, শাহরাস্তি উপজেলা বিএনপির সভাপতি ও মেহের ডিগ্রি কলেজের দাতা সদস্য আয়েত আলী ভূঁইয়া, সহকারী কমিশনার (ভূমি) শামসুজ্জামান, শাহরাস্তি উপজেলা সাব-রেজিস্ট্রার ফরিদা আক্তার, শাহরাস্তি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মীর মাহবুবুর রহমান, তাঁতীদলের কেন্দ্রীয় নেতা জাহাঙ্গীর আলম মিন্টু, উপজেলা যুবদলের আহ্বায়ক আলী আজগর মিয়াজি, সদস্য সচিব এহতেশামুল গণি এবং স্বে"ছাসেবক দলের আহ্বায়ক মাসুদ সিকদারসহ বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন কলেজ পরিচালনা পর্ষদের সদস্য অ্যাডভোকেট সাহেদুল হক সহেল, ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান মোজাম্মেল হক, কলেজের দাতা সদস্য ইঞ্জিনিয়ার মুকবুল আহমেদ ও বিশিষ্ট ব্যবসায়ী আব্দুল হান্নান চৌধুরী।

বক্তারা বলেন, মেহের ডিগ্রি কলেজ সরকারিকরণ হলে শাহরাস্তি উপজেলার শিক্ষাক্ষেত্রে নতুন সম্ভাবনার দ্বার উন্মোচিত হবে। বিশেষ করে এলাকার নিম্ন ও মধ্যবিত্ত পরিবারের শিক্ষার্থীরা উ"চশিক্ষার সুযোগে আরও বেশি উপকৃত হবে। কলেজের সার্বিক উন্নয়ন ও সরকারিকরণের প্রক্রিয়া এগিয়ে নিতে সংশ্লিষ্ট সবার সহযোগিতা কামনা করেন তারা।

অনুষ্ঠানে কলেজের শিক্ষক-শিক্ষার্থী, পরিচালনা পর্ষদের সদস্য, অভিভাবক, রাজনৈতিক নেতৃবৃন্দ, জনপ্রতিনিধি, স'ানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ উপস'িত ছিলেন।

চাঁদপুরে বারান্দায় খেলার সময়

শতাংশ দগ্ধ হয়েছে। তাদের দুজনের অবস্থাই অত্যন্ত আশঙ্কাজনক হওয়ায় উন্নত চিকিৎসার জন্য তাৎক্ষণিকভাবে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের বার্ন ইউনিটে পাঠানো হয়েছে।

দগ্ধ ফাইজা আক্তার (৬) লক্ষ্মীপুরের রায়পুর উপজেলার মৃত মো. ফরহাদের মেয়ে এবং মো. সাব্বির (৪) একই এলাকার মো. সুমন মিয়ার সন্তান। শিশুরা পরিবারের সদস্যদের সঙ্গে চাঁদপুর শহরের স্বজনের বাসায় বেড়াতে এসেছিল।

দুর্ঘটনার বিষয়ে চাঁদপুর সদর মডেল থানার ওসি ফয়েজ আহমেদ বলেন, খবরটি তিনি শুনেছেন। তবে এ ঘটনায় থানায় এখনও কোনো লিখিত অভিযোগ হয়েছে কিনা তা তার জানা নেই। অভিযোগ পেলে তদন্ত সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

যে বাসায় দুর্ঘটনাটি ঘটেছে, সেটির ভাড়াটিয়া প্রবাসী সোহেল দেওয়ানের স্ত্রী ইয়াছমিন আক্তার বলেন, দুপুরে তার দুই খালাতো বোন সন্তানদের নিয়ে তাদের বাসায় বেড়াতে আসেন। একপর্যায়ে শিশুরা খেলতে খেলতে বারান্দায় যায়। এর কিছুক্ষণ পর বিকট শব্দ শুনে তারা বারান্দায় ছুটে গিয়ে দুই শিশুকে দগ্ধ ও রক্তাক্ত অবস্থায় পড়ে থাকতে দেখেন।

পরিবারের সদস্যদের ধারণা, শিশুরা খেলতে খেলতে হাতে থাকা লোহার তৈরি কোনো পাইপ বা বস্তু বারান্দার বাইরে বাড়িয়ে দিলে তা পাশ দিয়ে যাওয়া ৩৩ হাজার ভোল্টের বিদ্যুৎ সঞ্চালন লাইনের সংস্পর্শে আসে।

ঘটনাস্থলে গিয়ে দেখা যায়, ফ্ল্যাটটির বারান্দার একেবারেই কাছ দিয়ে ৩৩ হাজার ভোল্টের বিদ্যুৎ লাইন চলে গেছে।

এ বিষয়ে বাড়ির মালিক রাসেল মিয়ার বক্তব্য জানতে তার মোবাইলে একাধিকবার ফোন দিলেও তিনি ধরেননি। পরবর্তীতে বাসায় গিয়েও তাকে পাওয়া যায়নি।

চাঁদপুরে ২৩২ মণ্ডপে

পূজা মন্ডপস্থলে সিসিটিভি ক্যামেরা স্থাপন নিশ্চিত করুন,উচ্চস্বরে ইকো সেট বাজানো পরিহার, বিদ্যুৎ সাশ্রয় ও স্বেচ্ছাসেবক (ভলান্টিয়ার) নিয়োজিত রাখাসহ উৎসবমুখর পরিবেশে পূজা সম্পন্ন করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। এ বছর চাঁদপুর জেলায় গতবারের চেয়ে ৮টি বেড়ে মোট ২৩২টি মণ্ডপে শারদীয় দুর্গাপূজা অনুষ্ঠিত হবে। প্রশাসনের আশ্বাস ও সতর্কবার্তা: সভায় চাঁদপুর জেলা পুলিশ সুপার মো. মিজানুর রহমান পূজামণ্ডপগুলোর সার্বিক নিরাপত্তা নিশ্চিত করার ক্ষেত্রে আইনশৃঙ্খলা বাহিনীর পাশাপাশি স্বেচ্ছাসেবকদের ভূমিকা জোরদারের ওপর গুরুত্ব দেন। এছাড়া যেকোনো জরুরি প্রয়োজনে তাৎক্ষণিক যোগাযোগের আশ্বাস দিয়ে তিনি বলেন, "যে কোনো সমস্যা হলে আমাদের ফোন নম্বর আপনাদের কাছে আছে, না থাকলে নিয়ে নেবেন। সরাসরি যোগাযোগ করবেন। আইনশৃঙ্খলার ক্ষেত্রে আমরা সর্বোচ্চ সহযোগিতা করব।"

অন্যদিকে, জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমান প্রতিমার অবয়ব, মণ্ডপের পরিবেশ ও বাঙালি সংস্কৃতির ঐতিহ্য বজায় রাখার বিষয়ে বিশেষ নির্দেশনা দেন। তিনি বলেন, "প্রতিমার আদলের বিষয়ে মনে রাখতে হবে, কোনোভাবেই যেন বিতর্কিত কিছু না থাকে। প্রতিমার মাধ্যমে যাতে কোনো ধরনের রাজনৈতিক বা ধর্মীয় উসকানিমূলক বার্তা না ছড়ায়, সেদিকে খেয়াল রাখতে হবে"। মণ্ডপের সাউন্ড সিস্টেম ও সংস্কৃতির বিষয়ে জেলা প্রশাসক আরও বলেন, "দুর্গাপূজার সাথে বাংলা গানের এক বিশাল ঐতিহ্য রয়েছে। আমরা যদি বাংলা গান বাদ দিয়ে বিদেশি বা অপসংস্কৃতির দিকে চলে যাই, তবে তা দুঃখজনক। মণ্ডপগুলোতে ভক্তিমূলক ও মার্জিত বাংলা গান বাজানোর জন্য সবাইকে অনুরোধ জানাচ্ছি।" পাশাপাশি তিনি মণ্ডপে প্রবেশ ও বের হওয়ার পথ সুনির্দিষ্ট রাখা এবং যানজট এড়াতে সড়ক ব্যবস্থাপনার ওপর আলোকপাত করেন। জেলা পূজা উদযাপন পরিষদের নেতৃবৃন্দ ও প্রশাসনের শীর্ষ কর্মকর্তারা সভায় তাঁদের মতামত তুলে ধরেন। সভায় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন-

স্থানীয় সরকার বিভাগের উপপরিচালক ও চাঁদপুর পৌর প্রশাসক দেবাশীষ চৌধুরী, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) একরামুল ছিদ্দিক, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট উজালা রানী চাকমা,চাঁদপুর জেলা পূজা উদযাপন পরিষদের সিনিয়র সহ-সভাপতি নরেন্দ্র নারায়ণ চক্রবর্তী, সাধারণ সম্পাদক তমাল কুমার ঘোষ,বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের কর্মকর্তা সোহাগ হোসেন। চাঁদপুর জেলায় এবার ৮ টি বেড়ে ২৩২টি মণ্ডপে শারদীয় দুর্গোৎসব অনুষ্ঠিত হবে।গত বছর পূজা মণ্ডপ ছিল ২২৪ টি।এরমধ্যে চাঁদপুর পৌর এলাকায় পূজা হবে ৩৫ টি মন্ডপে।এ পৌরসভার বাহিরে ৬টি পূজা মন্ডপে দুর্গাপূজা হবে।

চাঁদপুরে ইলিশের দামে

চাহিদার তুলনায় কম; চাঁদপুরের ইলিশের সুনাম থাকায় চাহিদা বেশি।

হানারচরের জেলে নজরুল ইসলাম জানান, ১০ জনের নৌকায় মাছ ধরে খরচ উঠেছে। তবে জালে ময়লা-আবর্জনা আটকে যাওয়ায় আর নদীতে নামতে পারছেন না; নিষেধাজ্ঞার আগে হয়তো দু-এক দিন মাছ ধরবেন।

হরিণা ঘাটের পাইকারি বিক্রেতা মো. জাহাঙ্গীর সৈয়াল বলেন, গত দুই সপ্তাহে প্রতিদিন প্রায় ২০০ মণ ইলিশ এলেও কয়েক দিন ধরে আমদানি কমেছে। দূরদূরান্তের ক্রেতা এলেও চাহিদা মেটানো যাচ্ছে না। এক কেজির ইলিশ ২ হাজার ৫০০ টাকা থেকে বেড়ে ২ হাজার ৮০০ থেকে ৩ হাজার টাকা হয়েছে; ছোট ইলিশের হালি ৫০০-২ হাজার টাকা।

প্রবীণ বিক্রেতা সিরাজুল ইসলাম সৈয়াল বলেন, সরাসরি জেলেরা পদ্মা-মেঘনা থেকে মাছ আনেন এবং বরফ দেওয়ার আগেই বিক্রি হয়ে যায়। সকাল থেকে রাত ১০টা পর্যন্ত কেনাবেচা চলে।

চাঁদপুর মৎস্য বণিক সমিতির সাধারণ সম্পাদক শবেবরাত সরকার বলেন, চলতি সপ্তাহে আমদানি কমেছে। কম দামে ইলিশের আশায় অনেকে ঘাটে এলেও চাহিদার তুলনায় মাছ কম থাকায় দাম কমছে না।

সদর উপজেলা জ্যেষ্ঠ মৎস্য কর্মকর্তা মির্জা ওমর ফারুক বলেন, শেষ সময়ে আমদানি কিছুটা বেড়েছে, হাজার হাজার জেলে কম-বেশি ইলিশ পাচ্ছেন এবং এবার মাছের গড় আকারও বড়। মা ইলিশ রক্ষায় সচেতনতা কার্যক্রম চলছে। ৮ থেকে ২৯ অক্টোবর ২২ দিন অভয়াশ্রম এলাকায় সব ধরনের মাছ ধরা নিষিদ্ধ থাকবে। নিষেধাজ্ঞা সফল হলে জেলেরাই সুফল পাবেন; আইন অমান্য করলে জেল-জরিমানার বিধান রয়েছে।

মেজর আখতারুজ্জামানকে গ্রেপ্তার

মেজর (অব.) আখতারুজ্জামান বিমানবন্দরে সাধারণ যাত্রী, বিশেষ করে বিদেশফেরত প্রবাসীদের দুর্ভোগ, কর্তৃপক্ষের উদাসীনতা ও অনিয়মের বিরুদ্ধে সাহসিকতার সঙ্গে আওয়াজ তুলেছেন। তিনি ভুক্তভোগী যাত্রীদের প্রতিবাদের কণ্ঠস্বরে পরিণত হয়েছেন।

কিন্তু তার এই যৌক্তিক প্রতিবাদকে আমলে নিয়ে সেগুলোর সংস্কার বা সংশোধন না করে উল্টো তাকে গ্রেপ্তার করা হয়েছে উল্লেখ করে জামায়াত আমির বলেন, একজন দুবারের সাবেক সংসদ সদস্য এবং বীর মুক্তিযোদ্ধাকে জনসম্মুখে অপমানিত করার হীন পদক্ষেপ নেওয়া হয়েছে।

জনগণ সবকিছু দেখছে উল্লেখ করে স্ট্যাটাসে আরও বলা হয়, অন্যায়ের বিরুদ্ধে প্রতিবাদ করে মেজর (অব.) আখতারুজ্জামান প্রকৃত বীরত্বের প্রমাণ দিয়েছেন এবং ভুক্তভোগী মানুষের হৃদয়ের বীরে পরিণত হয়েছেন। পরিশেষে তিনি আল্লাহর দরবারে এই বীর মুক্তিযোদ্ধার সম্মান বৃদ্ধির জন্য দোয়া করেন।

চাঁদপুর আল-আমিন

নেই। এর আগে গত ২০ সেপ্টেম্বর ২০২৬ শিক্ষা মন্ত্রণালয়ের পক্ষ থেকে কুমিল্লা শিক্ষাবোর্ড সংস্থা পরিচালিত প্রতিষ্ঠানের গভর্নিং বডি বাতিল করে।

মহামন্য হাইকোর্ট গত ২৭ সেপ্টেম্বর কে এম কামরুল কাদের এবং বিচারপতি ফাতেমা আনোয়ার কুমিল্লা বোর্ডের এ আদেশ স্থগিত করেন। আদালত একইসাথে কেন এ আদেশ বাতিল করা হবে না তা জানতে রুল জারি করে। আল আমিন একাডেমির গভর্নিং বডির বর্তমান সভাপতি মো. মোবারক হোসাইনের এক রিট পিটিশনের প্রেক্ষিতে আদালত এ রায় দেয়। রিটের পক্ষে ছিলেন সিনিয়র আইনজীবী আদিলুর রহমান, মোহাম্মদ শফিকুর রহমান, ইমরান হোসেন।

রিট আবেদনে বলা হয়, ১৯৭৮ সালে প্রতিষ্ঠিত আল-আমিন একাডেমি দীর্ঘ ৪৮ বছরে চাঁদপুরের একটি পরিচিত স্বনামধন্য শিক্ষাপ্রতিষ্ঠানে পরিণত হয়েছে। ২০২৫ সালের জুনিয়র বৃত্তি পরীক্ষায় প্রতিষ্ঠানটির ৯৮ জন শিক্ষার্থী বৃত্তি পেয়ে শিক্ষা বোর্ডে চতুর্থ স্থান অর্জন করে। ২০২৬ সালের এসএসসি পরীক্ষায়ও ২২৭ জন শিক্ষার্থী জিপিএ-৫ পেয়ে শিক্ষা বোর্ডে পঞ্চম এবং চাঁদপুর জেলায় প্রথম স্থান অর্জন করে। বিশিষ্ট শিক্ষাবিদ অধ্যক্ষ মুহাম্মদ আবদুর রবের পরিকল্পনায় ১৯৭৭ সালের ৭ জানুয়ারি আল-আমিন সোসাইটি প্রতিষ্ঠিত হয়।

রিটকারীর অন্যতম সিনিয়র আইনজীবী সাবেক ডেপুটি অ্যাটর্নি জেনারেল মোহাম্মদ শফিকুর রহমান জানান, ২০১৯ সালে গভর্নিং বডি বাতিলের সিদ্ধান্তের বিরুদ্ধে হাইকোর্টে রিট করা হলে ওই সিদ্ধান্তের চিঠির কার্যকারিতা স্থগিত হয়। পরবর্তী সময়ে এ বিষয়ে আরও একটি রিট করা হয়। ২০২৪ সালের ৩১ অক্টোবর কুমিল্লা শিক্ষা বোর্ড সোসাইটির গঠিত গভর্নিং বডি অনুমোদন করে। কিন্তু বর্তমানে প্রভাবশালী মহলের ছত্রছায়ায় গভর্নিং বডি বাতিলের চেষ্টা করা হচ্ছে যা হাইকোর্ট অবৈধ ঘোষণা করেছে। রবিবার রাষ্ট্রপক্ষের সিভিল মিছ পিটিশন খারিজ করে হাইকোর্টের দেয়া রায় বহাল রেখেছেন সুপ্রিম কোর্টের আপিল বিভাগ।

আল আমিন সোসাইটির পক্ষ থেকে জানানো হয়েছে, মহামান্য সুপ্রিম কোর্টের বিজ্ঞ এডভোকেট ইমরান হোসেনের ল' ইয়ার্স সার্টিফিকেট এর কপি থেকে জানা যায়, মাধ্যমিক ও উচ্চ-মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা এর কলেজ পরিদর্শক প্রফেসর মোহাম্মদ সিপন মিয়ার স্বাক্ষরযুক্ত স্মারক নং ক.প/কমিটি/চাঁদ/৮০৪ মূলে গত ২০/০৯/২০২৬ খ্রি. তারিখে চাঁদপুর আল-আমিন একাডেমী স্কুল এন্ড কলেজের গভর্নিং বডি বাতিল ও এডহক কমিটি গঠনের চিঠির কার্যকারিতা মহামান্য হাইকোর্টে স্থগিত আদেশ প্রদান করা হয়েছে। মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং- ১৩৭৯১/২০২৬ মূলে গত ২৭/০৯/২০২৬ তারিখে দোতরফা শুনানি অন্তে কুমিল্লা শিক্ষা বোর্ডের বিগত ২০/০৯/২০২৬ খ্রি. তারিখের স্মারক নং- ক.প/কমিটি/চাঁদ/৮০৪... চিঠির কার্যকারিতার ওপর স্থগিতাদেশ প্রদান পূর্বক রেসপন্ডেন্ট পক্ষের উপর রুল জারি করেছেন।

রহিমানগর বাজার কমিটির

টাকা দিতে হবে বলে ব্যবসায়ীদের কাছ থেকে টাকা নিয়েছে, মামলা দায়েরের পর অটোমেটিক লীজ নবায়ন বন্ধ হয়ে যায়।

দীর্ঘ সাত বছর লীজ নবায়ন বন্ধ ছিল, ব্যবসায়ীরা আমাদের কাছে জানানোর পর আমরা জেলা পরিষদে গিয়ে লীজ নবায়নের অনুমতি নিয়ে আসি, প্রতি ফাইলে সরকারি খাজনার পর অতিরিক্ত বছরে ৩০০০ টাকা অফিস খরচ রাখার সিদ্ধান্ত হয়। এই ঘোষণা আমরা ব্যবসায়ীদের কে জানিয়ে দিয়েছি মূলত যাদের ৬-৭-৮-১০ বছর বাকি ছিল ৩০০০ টাকা বছর হারে জেলা পরিষদ কে টাকা দিতে হয়েছে। টাকা পয়সা লেন দেনের সাথে আমাদের কোন সম্পর্ক ছিল না। যদি কোন ব্যবসায়ী আমাদেরকে টাকা দিয়েছে এমন প্রমাণ দিতে পারে তাহলে আমি তাকে এক লক্ষ টাকা পুরষ্কার দেবো, আমি চ্যালেঞ্জ গ্রহণ করলাম।

দায়িত্ব গ্রহণের পর বেসিক হসপিটালে রাস্তা পাকা করণ, তরকারি বাজারের শ্যাডের নতুন গলি করণ, আল আরাফা ব্যাংকের সামনে ব্রীজ সংস্কার করণ, বাজারের ভিতরের ড্রেন পরিষ্কার করণ, সিকিউরিটি কোম্পানি থেকে বাজার পাহারাদার নিয়োগ করণ, উত্তরবঙ্গ থেকে বাজার পরিষ্কার করার জন্য লোক নিয়োগ করণ, বাসা বাড়ির ময়লা সংগ্রহ করণ, নাজিম আলী সওদাগর বাড়ির সামনে রাস্তার উপর কয়েকবার ইট দিয়ে গর্ত পূরণ করণ, সাতবাড়িয়া রাস্তার মুখে গর্ত পূরণ করণ, দক্ষিণ বাজারের জলবদ্ধতা নিরসনের জন্য রাস্তা কেটে পাইপ দিয়ে পানি নিষ্কাশনের ব্যবস্থা করণ, টি এন্ড টি রোডের ড্রেন পরিষ্কার করণ, দোকানে চুরি হওয়াতে চারটি মামলা পরিচালনা করণ, সাতজন আসামীকে গ্রেফতার করানো, পুরো বাজারে সিসি ক্যামেরা স্থাপন করণসহ যানজট নিরসনের জন্য বাজারের তরফ থেকে স্বেচ্ছাসেবক নিয়োগ দেয়া হয়েছে, ট্রাফিকের সহযোগিতা নেয়া হয়েছে, তারা মাঝে মধ্যে আসেন ৫০০/১০০০ টাকা নিয়ে চলে যান। সকল কাজের ছবি আমার কাছে সংরক্ষিত আছে।

মতলব উত্তর থানার নতুন

প্রত্যন্ত এলাকায় আইনশৃঙ্খলা রক্ষা এবং স্থানীয় নারীদের আত্মকর্মসংস্থান ও দক্ষতাবৃদ্ধিমূলক কার্যক্রমে তিনি সম্পৃক্ত ছিলেন।

কক্সবাজার জেলা গোয়েন্দা শাখা (ডিবি) : রুমা থানার আগে তিনি কক্সবাজার জেলা গোয়েন্দা পুলিশের (ডিবি) পরিদর্শক (ওসি) হিসেবে সুনাম ও দক্ষতার সাথে দায়িত্ব পালন করেন। সেখানে অবস্থানকালে বেশ কিছু আলোচিত অভিযান ও অপরাধী দমনে তিনি ভূমিকা রাখেন। মানস বড়ুয়ার নিজ জেলা চট্টগ্রাম।

চাঁদপুর জেলা পুলিশের বুনিয়াদি

কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধিতে আয়োজিত ৮১তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের অংশ হিসেবে নবীন প্রশিণার্থীরা মাঠপর্যায়ের কার্যক্রম সরাসরি দেখতে চাঁদপুর জেলা পুলিশে এ বাস্তবমুখী প্রশিক্ষণে অংশ নেন। অনুষ্ঠানে জেলা পুলিশের বিভিন্ন স্তরের ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

চাঁদপুরে জেলা গণগ্রন্থাগারে

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে অতিথি হিসেবে আরও উপস্থিত ছিলেন বিশিষ্ট লেখক, সাহিত্যিক ও গবেষক মুহাম্মাদ ফরিদ হাসান, নুরুন্নাহার মুন্নি, আরিফুল ইসলাম শান্ত, আবু হানিফ এবং আবদুল গনি সহ অনেকে। এছাড়াও বিভিন্ন স্কুল-কলেজের শিক্ষার্থী এবং গ্রন্থাগারের নিয়মিত পাঠকবৃন্দ সভায় অংশ নেন।

মতবিনিময় সভা শেষে প্রধান অতিথি ফিতা কাটার মাধ্যমে জেলা গণগ্রন্থাগারে নবনির্মিত 'নজরুল কর্নার' ও 'স্থানীয় লেখক কর্নার'-এর শুভ উদ্বোধন করেন।

হাজীগঞ্জে জায়গা দখলের অভিযোগে

যে জায়গা নিয়ে তারা দাবি করছেন, সেটির সঙ্গে আমার কোনো সম্পর্ক নেই। আমি ওই জায়গা নিয়ে কোনো ধরনের দখল বা বেআইনি কর্মকাণ্ড করিনি।"

অলিউল্লাহ অভিযোগ করেন, কোনো প্রকার যাচাই-বাছাই ছাড়াই তাকে জড়িয়ে অভিযোগ করায় তিনি সামাজিকভাবে বিব্রত ও হয়রানির শিকার হচ্ছেন। তিনি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে বিষয়টি সঠিকভাবে তদন্ত করে প্রকৃত ঘটনা উদঘাটনের দাবি জানান।

তিনি বলেন, "আমার বিরুদ্ধে যদি কোনো অভিযোগ থাকে, তাহলে যথাযথ কাগজপত্র ও প্রমাণের ভিত্তিতে তা যাচাই করা হোক। মিথ্যা ও বানোয়াট অভিযোগ দিয়ে কাউকে হয়রানি করা কোনোভাবেই কাম্য নয়।"

অলিউল্লাহ আরও জানান, জায়গাটির মালিকানা ও পূর্বের লেনদেন সংক্রান্ত প্রকৃত তথ্য যাচাই করতে সংশ্লিষ্ট দলিলপত্র, খতিয়ান ও সরকারি রেকর্ড পরীক্ষা করলেই প্রকৃত বিষয়টি পরিষ্কার হবে।

এ বিষয়ে তিনি প্রশাসন ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে নিরপেক্ষ তদন্তের মাধ্যমে সত্য উদঘাটন এবং তার বিরুদ্ধে করা অভিযোগের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার দাবি জানিয়েছেন।

ইসলামী আন্দোলন বাংলাদেশ

আন্দোলনের পক্ষ থেকে বক্তব্য রাখেন জেলা সিনিয়র সহ-সভাপতি অধ্যাক্ষ মাওলানা গাজী মুহাম্মদ হানিফ।

নসিহত পেশ করেন জাফরাবাদ হাফেজিয়া মাদরাসার প্রিন্সিপাল মাওলানা খাজা আহমদুল্লাহ, দারুল উলুম রঘুনাথপুরের মুহতামিম মাওলানা আশরাফ আলী।

এতে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন, ইসলামী আন্দোলন বাংলাদেশ চাঁদপুর জেলা সাবেক সভাপতি মাওলানা নুরুল আমিন, সহ-সভাপতি কেএম ইয়াসিন রাশেদসানী, সেক্রেটারি মাওলানা নুরুদ্দিন খান, জয়েন্ট সেক্রেটারি শাহজামাল গাজী সোহাগ, সাংগঠনিক হেলাল আহমাদ, এইচ এম নিজাম, সদস্য পীরজাদা মাওলানা আফসার উদ্দিন, ডাক্তার মাসুম, শ্রমিক আন্দোলন জেলা সভাপতি মুহাম্মদ আবুল বাশার তালুকদার, সাধারণ সম্পাদক মুহিব্বুল্লাহ বেপারি, যুব আন্দোলন জেলা সভাপতি মাওলানা ইমরান হোসাইন, সাধারণ সম্পাদক হাফেজ নেয়ামতুল্লাহ, জয়েন্ট সেক্রেটারি শেখ মুহাম্মদ হাবিবুর রহমান, ছাত্র আন্দোলন জেলা সভাপতি ডিএম ফয়সাল, নাসির খান প্রমুখ সহ স্থানীয় রাজনৈতিক নেতৃবৃন্দ।

মতলবে অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত

টাকা নগদ অর্থ সহায়তা প্রদান করেন।

এসময় উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক শফিকুল ইসলাম সাগর, মতলব পৌর বিএনপি'র সভাপতি শোয়েব আহমেদ সরকার, উপজেলা যুবদলের সিনিয়র যুগ্ন আহবায়ক জহিরুল ইসলাম, খাদেরগাঁও ইউনিয়ন বিএনপির যুগ্ম আহবায়ক জিলানী তালুকদার, উপজেলা ছাত্রদলের সভাপতি মিরাজ মাহমুদ জিসান, এনামুল হক জসিম মিয়াজী, স্থানীয় ইউপি সদস্য শহিদ মিয়াজীসহ মতলব দক্ষিণ উপজেলা এবং খাদেরগাঁও বিএনপি যুবদল, সেচ্ছাসেবকদল, ছাত্রদল ও সহযোগী অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ।

আকাবা কম্পিউটার একাডেমী
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অনুমোদিত কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র
প্রতিষ্ঠাকালঃ ২০০৭
প্রতিষ্ঠান কোডঃ ৬৬০৪৮
ইআইআইএনঃ ১৩৫৬৪১
২৫% ছাড় ভর্তি চলছে!
কম্পিউটার অফিস এপ্লিকেশন ৩/৬ মাস মেয়াদী
কম্পিউটার গ্রাফিক্স ডিজাইন ৩/৬ মাস মেয়াদী
কম্পিউটার হার্ডওয়্যার এন্ড নেটওয়ার্কিং ৩/৬ মাস মেয়াদী
ওয়েব পেজ ডিজাইনিং ৩/৬ মাস মেয়াদী
ফ্রি-ল্যান্সিং
এইচ.এস.সি সিলেবাস অনুযায়ী আইসিটি পড়াই।
অধ্যাপক মিজানুর রহমান ফাহিম
বিপনিবাগ পৌর সুপার মার্কেট কুমিল্লা রোড, চাঁদপুর।
01712-856510, https://chandpurict.blogspot.com

চলতি মাসের উমরাহ বুকিং চলছে
প্রতি মাসেই উমরাহ বুকিং হবে ইনশা আল্লাহ
মাওলানা আবু জাফর সিদ্দিকী
Standard প্যাকেজ ১,৫৫,০০০
Economy প্যাকেজ ১,৩০,০০০
Economy প্যাকেজ ১,৪৫,০০০
চেয়ারম্যান হজ্জ কাফেলা হাজীগঞ্জ, চাঁদপুর।
পরিচালনায়ঃ মাওলানা আবু জাফর সিদ্দিকী
01613-119652
01871-634121
01629-804375

মিষ্টি, দধি সহ যাবতীয় মিষ্টান্ন দ্রব্যের অপ্রতিদ্বন্দ্বি অভিজাত মিষ্টি বিপণী
ওয়ান মিনিট
চপ, কাকলেট, মোগলাই, বিরিয়ানী, চাইনিজ সহ বিভিন্ন রুচিশীল খাবারের জন্য
হেভেন
প্রেসক্লাব সড়ক, চাঁদপুর, ফোন- ০৮৪১৬৩২১০

অনুবাদ! অনুবাদ!! অনুবাদ!!!
রিলাইয়েন্স অনুবাদ কেন্দ্র
সরকারি রেজিঃ নং- ০২০৪০৫০৮
(সরকার অনুমোদিত নির্ভরযোগ্য ভাষা অনুবাদ সংস্থা)
ঢাকা অফিস : ১৭/২, তোপখানা রোড, ঢাকা-১০০০, বাংলাদেশ।
বাসা ও অফিস : আনসারী মঞ্জিল, বিপ্লব চিত্রলেখার মোড়, কুমিল্লা রোড, চাঁদপুর।
মোবাইল : ০১৯৫০-৩৪১৯৪৮, ০১৭১৬-২০১৫৩১

পুঁজিবাজারে ৮ মাসে

বিনিয়োগকারীদের মোট লেনদেন হয়েছে ৩ হাজার ৭০১ কোটি ২৮ লাখ ৯৭ হাজার ৮৯৮ টাকা। গত বছরের একই সময়ে এর পরিমাণ ছিল ২ হাজার ৬৮৭ কোটি ৩৯ লাখ ৪৭ হাজার ৮০৯ টাকা। ফলে এক বছরের ব্যবধানে লেনদেন বেড়েছে ১ হাজার ১৩ কোটি ৮৯ লাখ ৫০ হাজার টাকা বা ৩৭ দশমিক ৬ শতাংশ।

বিদেশি বিনিয়োগকারীদের অংশগ্রহণ বাড়ার পেছনে বাজার সংস্কারের বিভিন্ন উদ্যোগকে গুরুত্বপূর্ণ বলে মনে করছেন সংশ্লিষ্টরা। পুঁজিবাজারকে ফ্রন্টিয়ার মার্কেট থেকে এমার্জিং মার্কেটে উন্নীত করার প্রস্তুতি, আন্তর্জাতিক সূচক নির্ধারণকারী প্রতিষ্ঠানগুলোর সঙ্গে যোগাযোগ, বিদেশি বিনিয়োগের প্রক্রিয়া সহজ করা এবং লেনদেন নিষ্পত্তির সময় কমিয়ে আনার উদ্যোগ বিনিয়োগকারীদের কাছে ইতিবাচক বার্তা দিচ্ছে। ডিএসই'র ব্যবস্থাপনা পরিচালক নুজহাত আনোয়ার বলেন, বিদেশি লেনদেন বৃদ্ধির পেছনে ডিএসইর একক কোনো উদ্যোগ কাজ করছে না। বরং বাজারকে ফ্রন্টিয়ার থেকে এমার্জিং মার্কেটে উন্নীত করার প্রস্তুতি, এমএসসিআইসহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সঙ্গে যোগাযোগ, বাংলাদেশ ব্যাংকের এনআইটিএ-সংক্রান্ত বিধি সহজ করা এবং টি+১ সেটেলমেন্ট ব্যবস্থায় যাওয়ার উদ্যোগসব মিলিয়ে বিদেশি বিনিয়োগকারীদের কাছে ইতিবাচক বার্তা গেছে।

তিনি বলেন, বিদেশি পোর্টফোলিও বিনিয়োগকারীদের জন্য বাংলাদেশ ব্যাংকের নন-রেসিডেন্ট ইনভেস্টরস টাকা অ্যাকাউন্ট বা এনআইটিএ ব্যবস্থার একটি জটিলতা সম্প্রতি সহজ করা হয়েছে। আগে বাংলাদেশে বিনিয়োগের পর প্রতিটি লেনদেনের সময় এনআইটিএ হিসাবের মাধ্যমে অর্থের হিসাব করতে হতো। ডিএসইর পক্ষ থেকে বিষয়টি সংশ্লিষ্টদের জানানো হলে বাংলাদেশ ব্যাংক নিয়মটি সহজ করে। নতুন ব্যবস্থায় প্রতিটি লেনদেনের সময় আলাদাভাবে হিসাব না করে বিদেশি বিনিয়োগকারী বাংলাদেশ থেকে অর্থ প্রত্যাবাসনের সময় প্রয়োজনীয় হিসাব সম্পন্ন করতে পারবেন। এতে বিদেশি বিনিয়োগের প্রক্রিয়া আগের তুলনায় সহজ হয়েছে বলে মনে করছেন সংশ্লিষ্টরা।

এর পাশাপাশি টি+১ সেটেলমেন্ট ব্যবস্থায় যাওয়ার উদ্যোগও আন্তর্জাতিক বিনিয়োগকারীদের কাছে ইতিবাচক বার্তা দিচ্ছে। পুঁজিবাজারে পেশাদার ব্যবস্থাপনা, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার পাশাপাশি বিদেশি বিনিয়োগকারীদের সঙ্গে নিয়মিত যোগাযোগ করা হচ্ছে। এসব উদ্যোগের সম্মিলিত প্রভাবে বিদেশি বিনিয়োগ বাড়ছে বলে মনে করেন নুজহাত আনোয়ার। ডিএসই'র তথ্য বলছে, চলতি বছরের শুরু থেকেই বিদেশি লেনদেনে উল্লেখযোগ্য ওঠানামা থাকলেও সামগ্রিক প্রবণতা ঊর্ধ্বমুখী। জানুয়ারিতে বিদেশি লেনদেনের পরিমাণ ছিল ৩৭৭ কোটি ২৩ লাখ ৮৩ হাজার ৪৬৬ টাকা। ফেব্রুয়ারিতে তা বেড়ে দাঁড়ায় ৬৬৩ কোটি ২৭ লাখ ৮০ হাজার ৭৯৫ টাকা।

মার্চে লেনদেন কমে ২৭২ কোটি ৩ লাখ ৫৭ হাজার ৯৮০ টাকা এবং এপ্রিলে ১৭৫ কোটি ১৫ লাখ ৮৭ হাজার ৪৬০ টাকায় নেমে আসে। তবে মে মাসে বিদেশি লেনদেনে বড় উত্থান ঘটে। ওই মাসে লেনদেন হয় ৮৩১ কোটি ৬৯ লাখ ৯০ হাজার ৭৭১ টাকা, যা চলতি বছরের প্রথম আট মাসের মধ্যে সর্বোচ্চ।

এরপর জুনে বিদেশি লেনদেন হয়েছে ৫৪০ কোটি ১৬ লাখ ৬১ হাজার ৪৭০ টাকা এবং জুলাইয়ে ৫২৩ কোটি ১৪ লাখ ৫২ হাজার ৯৬৬ টাকা। আগস্টে তা কিছুটা কমে ৩১৮ কোটি ৫৭ লাখ ২৭ হাজার ৯৯১ টাকায় দাঁড়ায়।

অন্যদিকে, ২০২৫ সালের প্রথম আট মাসে বিদেশি লেনদেনের পরিমাণ ছিল ২ হাজার ৬৮৭ কোটি ৩৯ লাখ ৪৭ হাজার ৮০৯ টাকা। ওই বছরের জানুয়ারিতে লেনদেন ছিল ১৮১ কোটি ৮১ লাখ ৫ হাজার ১০৫ টাকা। ফেব্রুয়ারিতে তা বেড়ে ২৬৪ কোটি ১৩ লাখ ৯৯ হাজার ২৬২ টাকা হলেও মার্চে কমে দাঁড়ায় ১৭১ কোটি ৯৬ লাখ ১৭ হাজার ৭৮৭ টাকা।

এপ্রিল ও মে মাসে লেনদেন আবার বাড়ে। এপ্রিলে ৪২৬ কোটি ৯৪ লাখ ১ হাজার ২৯৮ টাকা এবং মে মাসে ৫০৬ কোটি ৭৪ লাখ ১৯ হাজার ১৪২ টাকা লেনদেন হয়, যা ওই বছরের প্রথম আট মাসের মধ্যে সর্বোচ্চ। জুনে তা কমে ২৮৫ কোটি ৩০ লাখ ৭৭ হাজার ৬১৯ টাকা হলেও জুলাইয়ে বেড়ে ৪৯১ কোটি ৪৩ লাখ ৬৬ হাজার ২১৭ টাকা হয়। আগস্টে লেনদেন দাঁড়ায় ৩৭১ কোটি ৫৬ লাখ ৩ হাজার ৫৪৮ টাকা।

২০২৫ সালের পুরো বছরে বিদেশি বিনিয়োগকারীদের মোট লেনদেন ছিল ৩ হাজার ৯২০ কোটি ৪২ লাখ ২০ হাজার ২১ টাকা। এর বিপরীতে চলতি বছরের প্রথম আট মাসেই লেনদেন হয়েছে ৩ হাজার ৭০১ কোটি ২৮ লাখ ৯৭ হাজার ৮৯৮ টাকা, যা গত বছরের পুরো বছরের প্রায় ৯৪ শতাংশ। সূত্র: বাসস

সাচারে ডেঙ্গু প্রতিরোধে

নেতাকর্মীর অংশগ্রহণে অনুষ্ঠিত এ কর্মসূচির উদ্বোধন করেন বাংলাদেশ জামায়াতে ইসলামী কচুয়া উপজেলা শাখার সহকারী সেক্রেটারি হাফেজ মোহাম্মদ দেলোয়ার হোসেন।

এ সময় উপস্থিত ছিলেন ১নং সাচার ইউনিয়ন জামায়াতের নায়েবে আমির মাওলানা হুমায়ুন কবির, ইউনিয়ন সেক্রেটারি মাওলানা মোজাম্মেল হক, যুব বিভাগের সভাপতি মোহাম্মদ কবির হোসেন মোল্লা, সাবেক সভাপতি ও বাংলাদেশ ইসলামী ছাত্রশিবিরের কচুয়া উপজেলা শাখার সাবেক সভাপতি মোহাম্মদ আশরাফুল ইসলাম, ছাত্রশিবিরের সাবেক সভাপতি মো. জহিরুল ইসলাম, বর্তমান থানা সভাপতি তৌফিক ওমর ফাহিম, ৪নং ওয়ার্ড সভাপতি মাওলানা মনির হোসেন, ৫নং ওয়ার্ড আমির ইসমাইল হোসেন আকন্দসহ জামায়াত ও ছাত্রশিবিরের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা।

কর্মসূচিতে বক্তারা বলেন, ডেঙ্গু প্রতিরোধে শুধু চিকিৎসার ওপর নির্ভর না করে আগে থেকেই জনসচেতনতা গড়ে তুলতে হবে।

তারা বলেন, বাড়ির আশপাশে জমে থাকা পানি অপসারণ, পরিষ্কার-পরিচ্ছন্নতা বজায় রাখা এবং মশার প্রজননস্থল ধ্বংসের মাধ্যমে ডেঙ্গুর বিস্তার অনেকাংশে নিয়ন্ত্রণ করা সম্ভব।

এ জন্য ডেঙ্গু প্রতিরোধে সবাইকে নিজ নিজ অবস্থান থেকে সচেতন হওয়ার পাশাপাশি আশপাশের মানুষকেও সচেতন করার আহ্বান জানান বক্তারা।

হাজীগঞ্জে অসহায় পরিবারের

পরিবারকে ৮ হাজার টাকা করে নগদ অনুদান দেওয়া হয়। পাশাপাশি প্রয়োজনীয় খাদ্যসামগ্রী ও ঢেউটিন বিতরণ করা হয়।

সমাজসেবক জয়নাল আবেদীনের সভাপতিত্বে এবং বিশিষ্ট সাংবাদিক খালেকুজ্জামান শামীমের পরিচালনায় অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাবেক ইউপি চেয়ারম্যান আলী আকবর শেখ। বক্তব্য রাখেন বেলচোঁ বাজার সমিতির সভাপতি মোহন চৌধুরী, বিএনপি নেতা লোকমান হোসেন প্রমুখ।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন সংগঠনের প্রতিষ্ঠাতা সাধারণ সম্পাদক নুরে আলম নিরব। বক্তারা অসহায় মানুষের পাশে দাঁড়ানোর জন্য সংগঠনের এমন মানবিক উদ্যোগের প্রশংসা করেন এবং ভবিষ্যতেও এ ধরনের কার্যক্রম অব্যাহত রাখার প্রত্যাশা ব্যক্ত করেন।

পরে মিলাদ ও দোয়া-মোনাজাত অনুষ্ঠিত হয়। মোনাজাত শেষে উপস্থিতদের মাঝে তবারুক বিতরণ করা হয়। এরপর অসহায় পরিবারের সদস্যদের হাতে সংগঠনের পক্ষ থেকে খাদ্যসামগ্রী, নগদ অর্থ ও ঢেউটিন তুলে দেয়া হয়। মানবিক সহায়তা প্রদানের মধ্য দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে।

শাহরাস্তিতে সিঁধ কেটে ৫ ঘরে

পরিমাণ তাৎক্ষণিকভাবে জানা যায় কবির হোসেনের বসত ঘর থেকে স্মার্টফোনে মোবাইল দুইটি, নগদ টাকা ১২ হাজার ৭শত,আব্দুস সালামের বাসত ঘর থেকে

স্মার্ট মোবাইল ১টি নগদ ২ হাজার ৭শ টাকা,তৌহিদুল ইসলামের বসত ঘর থেকে নগদ ৬ হাজার টাকা, মোঃ সুজনের বসত ঘর থেকে বাটাম মোবাইল ১টি ও মোহাম্মদ মোস্তফা কামালের বসত ঘর থেকে স্মার্ট মোবাইল ১টি নগদ ৫ হাজারসহ বাটাম মোবাইল ১টি চুরি করে নিয়ে যায়।

চুরির ঘটনার খবর পেয়ে স্থানীয় ইউপি সদস্য মোঃ শহিদুল্লাহ ক্ষতিগ্রস্ত স্থান পরিদর্শন করেন।

এ বিষয়ে শাহরাস্তি মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) মীর মাহবুবুর রহমান জানান চুরির বিষয়ে থানায় কোন অভিযোগ পাইনি। অভিযোগ পেলে চুরির ঘটনা তদন্ত করে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেওয়া হবে বলে জানান।

সুতা আমদানির নিয়ম

ব্যাংক গ্যারান্টির মাধ্যমে এ ধরনের সুতা আমদানির সুযোগ রাখা হয়। ওই সুতা দিয়ে তৈরি পোশাক রফতানি হওয়ার পর ব্যাংক গ্যারান্টি অবমুক্ত করার কথা বলা হয়েছে।

এনবিআরের আদেশে বলা হয়, বস্ত্র খাতের সমস্যা পর্যালোচনা ও সমাধানে গঠিত আন্তঃমন্ত্রণালয় কমিটির ২০ আগস্টের সভার সিদ্ধান্তের ভিত্তিতে এই ব্যবস্থা নেওয়া হয়েছে। সভায় বন্ড সুবিধায় ১০ থেকে ৩০ কাউন্টের কটন সুতা আমদানির সুবিধা প্রত্যাহার এবং ব্যাংক গ্যারান্টির মাধ্যমে আমদানির সুযোগ দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে আদেশে উল্লেখ করা হয়।

তবে এই সিদ্ধান্ত নিয়ে আপত্তি জানায় তৈরি পোশাক প্রস্তুত ও রফতানিকারকদের সংগঠন বিজিএমইএ এবং নিট পোশাকশিল্পের মালিকদের সংগঠন বিকেএমইএ। দুই সংগঠনের নেতারা বাণিজ্য মন্ত্রণালয়কে জানান, আন্তঃমন্ত্রণালয় কমিটির ওই সভায় ১০ থেকে ৩০ কাউন্টের সুতা আমদানি বন্ধের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত হয়নি।

এর পরিপ্রেক্ষিতে গত ১৩ সেপ্টেম্বর এনবিআরকে চিঠি দিয়ে আদেশটি স্থগিত রাখার অনুরোধ করে বাণিজ্য মন্ত্রণালয়। তবে এখনও আদেশটি কার্যকর রয়েছে।

পুরোনো এলসির সুতা ছাড় নিয়েই মূল সমস্যা

বিজিএমইএর পরিচালক নাফিস-উদ-দৌলা বলেন, ''নতুন আদেশ জারির আগে খোলা এলসির বিপরীতে সুতা আমদানি করা হলেও কাস্টমস কর্মকর্তারা পণ্যের বিল অব ল্যাডিংয়ের তারিখকে বিবেচনায় নিচ্ছেন। এ কারণে নতুন আদেশের পর জাহাজীকরণ হওয়া পণ্যের ক্ষেত্রে ব্যাংক গ্যারান্টি দাবি করা হচ্ছে।''

তার ভাষ্য, এর ফলে কিছু তৈরি পোশাক কারখানার আমদানি করা সুতা চট্টগ্রাম বন্দরে আটকে রয়েছে। সময়মতো এসব কাঁচামাল কারখানায় না পৌঁছালে উৎপাদন পরিকল্পনায়ও সমস্যা তৈরি হচ্ছে।

বিজিএমইএর সভাপতি মাহমুদ হাসান খান বলেন, ''এনবিআরের আদেশের আগে খোলা এলসির বিপরীতে আমদানি হওয়া সুতা খালাসে তৈরি পোশাকশিল্পের মালিকরা হয়রানির মুখে পড়ছেন।'' তার অভিযোগ, এনবিআরের আদেশের অপব্যাখ্যা করে কাস্টমস কর্মকর্তারা এমনটি করছেন।

তিনি আরও বলেন, ''বাণিজ্য মন্ত্রণালয়ের চিঠির পরিপ্রেক্ষিতে এনবিআর সুতা আমদানিতে বন্ড সুবিধা স্থগিত করেছিল। পরে মন্ত্রণালয় আদেশটির কার্যকারিতা স্থগিত রাখার অনুরোধ করলেও এখনও বিষয়টির নিষ্পত্তি হয়নি।''

বাণিজ্য মন্ত্রণালয়ের অনুরোধ, সিদ্ধান্তে অপেক্ষা

বিকেএমইএর সভাপতি মোহাম্মদ হাতেম বলেন, ''বাণিজ্য মন্ত্রণালয়ের নির্দেশনার পরও প্রজ্ঞাপন বাতিল না করার কারণ সম্পর্কে এনবিআর জানিয়েছে, তারা অর্থমন্ত্রীর নির্দেশনার অপেক্ষায় রয়েছে।''

তিনি বলেন, ''এনবিআরের আদেশের কারণে তৈরি পোশাকশিল্পের জন্য আমদানি করা সুতা ছাড় করতে সমস্যা হচ্ছে। এতে রফতানিও বাধাগ্রস্ত হতে শুরু করেছে।''

পোশাক খাতের ব্যবসায়ীদের মূল দাবি, নতুন আদেশ জারির আগে খোলা এলসির বিপরীতে যে সুতা আমদানি করা হয়েছে, সেগুলো যেন নতুন শর্ত আরোপ না করে ছাড় দেওয়া হয়। তাদের যুক্তি, এলসি খোলার সময় যে নীতিমালা কার্যকর ছিল, সেই নীতির ভিত্তিতেই আমদানির বাণিজ্যিক সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

বর্তমানে মূল জটিলতা তৈরি হয়েছে কোন তারিখকে ভিত্তি হিসেবে বিবেচনা করা হবে, তা নিয়ে। পোশাক শিল্পের মালিকরা এলসি খোলার তারিখকে গুরুত্ব দেওয়ার দাবি জানাচ্ছেন। অন্যদিকে কাস্টমস কর্মকর্তারা আমদানি করা পণ্যের বিল অব ল্যাডিংয়ের তারিখ বিবেচনায় নিচ্ছেন।

বাড়ছে দেশীয় সুতার বিক্রি ও দাম

বন্ড সুবিধায় ১০ থেকে ৩০ কাউন্টের সুতা আমদানির সুযোগ বাতিলের ফলে দেশীয় সুতাকলগুলো কিছুটা বাড়তি বাজার পাচ্ছে বলে জানিয়েছেন খাতসংশ্লিষ্ট ব্যক্তিরা। কোনও কোনও সুতাকল ইতোমধ্যে বিক্রি বাড়ার কথাও জানিয়েছে।

মোশাররফ কম্পোজিট টেক্সটাইলের ব্যবস্থাপনা পরিচালক মোশাররফ হোসেন বলেন, তাদের সুতার বিক্রি প্রায় ৫ শতাংশ বেড়েছে। বন্ড সুবিধার বর্তমান ব্যবস্থা অব্যাহত থাকলে বিক্রি আরও বাড়তে পারে বলে জানান তিনি। অপরদিকে পোশাক রফতানিকারকদের অভিযোগ, বন্ড সুবিধায় সুতা আমদানির সুযোগ সীমিত হওয়ার পর দেশীয় বাজারে সুতার দাম বেড়েছে। খাত-সংশ্লিষ্টদের তথ্য অনুযায়ী, গত মাসে ৩০ কাউন্টের কটন সুতার দাম ছিল প্রতি কেজি ৩ ডলার ১৫ থেকে ৩ ডলার ২০ সেন্ট। বর্তমানে তা বেড়ে ৩ ডলার ৩০ থেকে ৩ ডলার ৪০ সেন্টে উঠেছে। এর মধ্যে একপর্যায়ে দাম সাড়ে ৩ ডলার পর্যন্তও উঠেছিল।

দেশীয় বস্ত্রশিল্পের বড় বিনিয়োগ

বিটিএমএর তথ্য অনুযায়ী, দেশে বর্তমানে ১ হাজার ৮০০টির বেশি টেক্সটাইল মিল রয়েছে। এর মধ্যে স্পিনিং বা সুতাকল ৫২৭টি। পুরো বস্ত্র খাতে বিনিয়োগের পরিমাণ প্রায় ২ হাজার ৩০০ কোটি ডলার। দেশীয় সুতাকলগুলো দেশের নিট পোশাকশিল্পের প্রায় ৮০ শতাংশ এবং ওভেন পোশাকশিল্পের প্রায় ৪০ শতাংশ সুতার চাহিদা পূরণ করে। ফলে স্থানীয় সুতাকলগুলোর সক্ষমতা ও বাজার ধরে রাখা যেমন গুরুত্বপূর্ণ, তেমনই রফতানিমুখী পোশাক কারখানার জন্য প্রতিযোগিতামূলক দামে প্রয়োজনীয় কাঁচামালের নিরবচ্ছিন্ন সরবরাহও গুরুত্বপূর্ণ। বর্তমান পরিস্থিতিতে এই দুই দিকের মধ্যে সমন্বয় করাই বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে।

পোশাকশিল্পের উদ্যোক্তারা বলছেন, দেশীয় সুতাকলকে সুরক্ষার নীতিগত সিদ্ধান্ত থাকলেও আমদানির পর্যায়ে পুরোনো এলসির পণ্য আটকে গেলে তার সরাসরি প্রভাব পড়ে উৎপাদন ও রফতানিতে। বিশেষ করে নির্ধারিত সময়ের মধ্যে ক্রেতার কাছে পোশাক পাঠাতে না পারলে কারখানাগুলোকে অতিরিক্ত খরচ ও ব্যবসায়িক চাপের মুখে পড়তে হতে পারে। এ অবস্থায় বাণিজ্য মন্ত্রণালয়ের অনুরোধের পর এনবিআরের সিদ্ধান্তের দিকেই তাকিয়ে আছেন পোশাকশিল্পের উদ্যোক্তারা। তাদের প্রত্যাশা, নতুন নীতির আওতায় পুরোনো এলসির পণ্য ছাড়ের বিষয়ে দ্রুত ও স্পষ্ট নির্দেশনা দেওয়া হবে। এতে বন্দরে আটকে থাকা সুতা ছাড়ের জটিলতা কাটবে এবং রফতানিমুখী পোশাক কারখানার উৎপাদন স্বাভাবিক রাখা সম্ভব হবে।

শিক্ষক দিবসে ফুল নয়, চাই পেশার যথাযথ মর্যাদা সম্মান

রফিকুল ইসলাম তালুকদার

৫ অক্টোবর এলেই শিক্ষকদের নিয়ে আমাদের ব্যস্ততা বেড়ে যায়। কোথাও ফুল, কোথাও ক্রেস্ট, কোথাও আলোচনা সভা, কোথাও আবার শিক্ষকের হাতে সম্মাননা তুলে দেওয়া হয়। সামাজিক যোগাযোগমাধ্যমে ভেসে ওঠে শিক্ষকের প্রতি শ্রদ্ধা ও ভালোবাসার অসংখ্য বার্তা।

বক্তৃতার মঞ্চে শিক্ষক হয়ে ওঠেন জাতির কারিগর, আলোকবর্তিকা, ভবিষ্যৎ নির্মাতা। কথাগুলো নিঃসন্দেহে সত্য। কিন্তু অনুষ্ঠান শেষ হলে, ব্যানার নামিয়ে ফেললে, ফুল শুকিয়ে গেলে, করতালি থেমে গেলে শিক্ষক ফিরে যান তাঁর চেনা বাস্তবতায়। তখন প্রশ্নটি করতেই হয়, শিক্ষককে আমরা সত্যিই সম্মান করি, নাকি বছরে এক দিন সম্মান করার আনুষ্ঠানিকতা পালন করি?

শিক্ষকের হাতে ফুল তুলে দেওয়া সহজ। কিন্তু তাঁর হাতে প্রয়োজনীয় সময় তুলে দেওয়া কঠিন। ক্রেস্ট দেওয়া সহজ। কিন্তু শ্রেণিকক্ষের জন্য প্রয়োজনীয় উপকরণ নিশ্চিত করা কঠিন। বক্তৃতায় শিক্ষকের মর্যাদা ঘোষণা করা সহজ। কিন্তু নীতিনির্ধারণের টেবিলে তাঁর মতামতের জায়গা তৈরি করা কঠিন। অথচ শিক্ষক দিবসের প্রকৃত দাবি এখানেই।

২০২৬ সালের বিশ্ব শিক্ষক দিবসের প্রতিপাদ্য, "ঝঃধহফরহম রিঃয ঃবধপযবৎং: ৬০ ুবধৎং ড়ভ ঢ়ৎড়ঃবপঃরহম ঃযব ঢ়ৎড়ভবংংরড়হ, ধফাধহপরহম রঃং ংঃধঃঁং ধহফ ংযধঢ়রহম ড়ঁৎ ভঁঃঁৎবং"। অর্থাৎ শিক্ষকতার পেশার সুরক্ষা, মর্যাদার উন্নয়ন এবং ভবিষ্যৎ নির্মাণে শিক্ষকদের পাশে দাঁড়ানোর আহ্বান।

এ বছর ১৯৬৬ সালের আইএলও ও ইউনেস্কোর শিক্ষকের মর্যাদা সম্পর্কিত সুপারিশের ৬০ বছর পূর্তি। ছয় দশক পর এই বার্তা আমাদের জন্যও গুরুত্বপূর্ণ কিছু প্রশ্ন সামনে আনে। শিক্ষকতার পেশাকে আমরা কতটা মর্যাদাপূর্ণ করেছি? শিক্ষককে কতটা পেশাজীবী হিসেবে বিবেচনা করি? শিক্ষা সংস্কারের কথা বলার সময় শিক্ষক নিজেই কতটা কথা বলার সুযোগ পান?

বাংলাদেশে শিক্ষককে নিয়ে আমাদের কথার সঙ্গে কাজের একটি বড় ফারাক আছে। আমরা বলি শিক্ষক জাতি গড়েন। কিন্তু যে শিক্ষক জাতি গড়বেন, তাঁর নিজের পেশাগত পরিসর কতটা গুছানো? আমরা বলি শিক্ষার মান বাড়াতে হবে। কিন্তু শিক্ষকের সময়ের কতটা আমরা শিক্ষাদানের জন্য রেখে দিই? এই প্রশ্ন এড়িয়ে যাওয়ার সুযোগ নেই। একজন শিক্ষক শুধু শ্রেণিকক্ষে দাঁড়িয়ে বই পড়ান না। তাঁকে পাঠ পরিকল্পনা করতে হয়, শিক্ষার্থীর শিখন অগ্রগতি মূল্যায়ন করতে হয়, খাতা দেখতে হয়, অভিভাবকের সঙ্গে যোগাযোগ করতে হয়, দুর্বল শিক্ষার্থীকে আলাদা সহায়তা দিতে হয়। এর সঙ্গে যদি যুক্ত হয় অতিরিক্ত প্রশাসনিক কাজ, বিভিন্ন সভা, কাগজপত্র ও অশিক্ষণীয় নানা দায়িত্ব, তাহলে শিক্ষকতার মূল কাজটি কোথায় দাঁড়ায়? শিক্ষকের সময় যদি শিক্ষাদানের জন্য না থাকে, তাহলে শিক্ষার মান বাড়ানোর দাবি কি নিছক প্রশাসনিক স্লোগান হয়ে যায় না?

আমরা শিক্ষকের কাছে সৃজনশীলতা চাই, প্রযুক্তির ব্যবহার চাই, নতুন শিক্ষণপদ্ধতি চাই, শিক্ষার্থীকেন্দ্রিক শিক্ষা চাই। কিন্তু শিক্ষককে সেই পরিবর্তনের জন্য কতটা সময়, প্রশিক্ষণ ও সহায়তা দিচ্ছি? শুধু নির্দেশ দিয়ে শিক্ষার পরিবর্তন হয় না। নির্দেশের সঙ্গে প্রয়োজন সক্ষমতা। শিক্ষক প্রশিক্ষণের ক্ষেত্রেও একই প্রশ্ন প্রযোজ্য। প্রশিক্ষণ হয়েছে, এটি একটি তথ্য। কিন্তু প্রশিক্ষণ শ্রেণিকক্ষে কাজে লাগছে কি না, সেটিই আসল প্রশ্ন।

প্রশিক্ষণ যদি উপস্থিতি, বক্তৃতা, কিছু উপস্থাপনা এবং সনদ বিতরণের আনুষ্ঠানিকতায় আটকে থাকে, তবে তা শিক্ষকতার পেশাগত উন্নয়নের স্থায়ী হাতিয়ার হতে পারে না। প্রশিক্ষণ হতে হবে প্রয়োজনভিত্তিক, শ্রেণিকক্ষকেন্দ্রিক, অনুশীলননির্ভর এবং ধারাবাহিক।

শিক্ষককে শুধু নতুন পদ্ধতি শেখালে হবে না, সেই পদ্ধতি প্রয়োগের পরিবেশও দিতে হবে। আর এখানেই আসে শিক্ষকতার পেশাগত স্বাধীনতার প্রশ্ন। শিক্ষককে যদি প্রতিটি বিষয়ে শুধু নির্দেশের অপেক্ষায় থাকতে হয়, তবে তাঁর পেশাগত বিচারবোধের বিকাশ কীভাবে হবে? শ্রেণিকক্ষে শিক্ষার্থীরা এক রকম নয়। তাদের শেখার গতি এক নয়, পারিবারিক পরিবেশ এক নয়, আগ্রহ এক নয়, সক্ষমতাও এক নয়। একজন অভিজ্ঞ শিক্ষক এসব পার্থক্য সবচেয়ে ভালো বোঝেন। তাই শিক্ষকের পেশাগত বিবেচনার জায়গা না রেখে শুধু একমুখী নির্দেশ দিয়ে শিক্ষা পরিচালনা করা কার্যকর হওয়ার সম্ভাবনা কমিয়ে দেয়। তবে স্বাধীনতার সঙ্গে দায়িত্বও থাকতে হবে।

শিক্ষক মর্যাদা মানে শিক্ষক জবাবদিহির বাইরে থাকবেন, এমন ধারণা যেমন ভুল, তেমনি শিক্ষককে সব সমস্যার জন্য দায়ী করাও অন্যায্য। ভালো শিক্ষা ব্যবস্থায় শিক্ষক পাবেন মর্যাদা ও স্বাধীনতা, বিনিময়ে থাকবে পেশাগত নৈতিকতা, দক্ষতা, উপস্থিতি ও জবাবদিহি। মর্যাদা ও জবাবদিহি পরস্পরের শত্রু নয়, বরং প্রকৃত পেশাদারিত্বের দুই স্তম্ভ। বাংলাদেশে শিক্ষককে নিয়ে আরেকটি অস্বস্তিকর বৈপরীত্য আছে। শিক্ষা সংস্কারের প্রায় প্রতিটি আলোচনায় শিক্ষকের ওপর নতুন দায়িত্বের কথা বলা হয়। নতুন পাঠ্যক্রম, নতুন মূল্যায়ন, নতুন প্রযুক্তি, নতুন পদ্ধতি, সবকিছুর বাস্তবায়নের ভার শেষ পর্যন্ত শ্রেণিকক্ষের শিক্ষকের ওপর পড়ে। কিন্তু পরিকল্পনা তৈরির সময় সেই শিক্ষক কতটা অংশীদার? যিনি নীতির শেষ বাস্তবায়নকারী, তাঁকে নীতি তৈরির প্রথম আলোচনায় রাখা হবে না কেন?

শ্রেণিকক্ষের বাস্তবতা সম্পর্কে শিক্ষক যে অভিজ্ঞতা অর্জন করেন, তা কোনো ফাইলের নোটে পুরোপুরি ধরা পড়ে না। কোন নির্দেশ বাস্তবসম্মত, কোন প্রশিক্ষণ কার্যকর, কোন মূল্যায়ন পদ্ধতি শিক্ষার্থীর শেখাকে সহায়তা করছে এবং কোনটি বাড়তি চাপ তৈরি করছে, এসব প্রশ্নের উত্তর শিক্ষকের কাছে আছে। তাই শিক্ষককে কেবল নির্দেশ বাস্তবায়নকারী হিসেবে দেখার সংস্কৃতি বদলাতে হবে। শিক্ষকের পেশাগত অগ্রগতির প্রশ্নও সামনে আনতে হবে।

একজন শিক্ষক ভালো কাজ করবেন, অভিজ্ঞতা অর্জন করবেন, নতুন দক্ষতা শিখবেন, তারপর কী? পেশাগত উন্নতির পথ কোথায়? শিক্ষকতা কি এমন একটি পেশা, যেখানে দক্ষতার সঙ্গে দায়িত্ব ও নেতৃত্বের নতুন দরজা খুলবে? নাকি বছরের পর বছর একই কাঠামোর মধ্যে কাজ করাই নিয়তি?

যোগ্য শিক্ষককে শ্রেণিকক্ষেই নেতৃত্ব দেওয়ার সুযোগ তৈরি করতে হবে। শিক্ষক প্রশিক্ষক, মেন্টর, গবেষক, একাডেমিক নেতা, বিভিন্ন পেশাগত ভূমিকার পথ তৈরি করতে হবে। এতে শিক্ষকতা শুধু একটি চাকরি থাকবে না, এটি হয়ে উঠবে একটি বিকাশমান পেশা। কারণ মেধাবী তরুণদের শিক্ষকতায় আনতে শুধু দেশ গড়ার আহ্বান যথেষ্ট নয়। একটি পেশাকে আকর্ষণীয় করতে হলে তার মর্যাদা, ক্যারিয়ার সম্ভাবনা, কর্মপরিবেশ ও সামাজিক স্বীকৃতিকে বাস্তব করে তুলতে হয়।

আজকের শিক্ষক আরও একটি কঠিন পরিবর্তনের মুখোমুখি। কৃত্রিম বুদ্ধিমত্তা ও ডিজিটাল প্রযুক্তি শিক্ষার প্রচলিত কাঠামো বদলে দিচ্ছে। শিক্ষার্থী এখন মুহূর্তে তথ্য পেতে পারে। ফলে শিক্ষক আর শুধু তথ্যের উৎস নন। তাঁর ভূমিকা আরও গুরুত্বপূর্ণ, তথ্যের সত্যতা যাচাই, বিশ্লেষণী চিন্তা, সৃজনশীলতা, নৈতিকতা এবং মানবিক বোধ গড়ে তোলা। কিন্তু শিক্ষককে যদি এই নতুন দায়িত্ব নিতে হয়, তাঁকে নতুন দক্ষতা অর্জনের সুযোগও দিতে হবে।

প্রযুক্তির যুগে শিক্ষকের কাছ থেকে নতুন দক্ষতা চাইব, অথচ সেই দক্ষতা অর্জনের সুযোগ দেব না, এটি নীতি নয়, বৈপরীত্য। আরেকটি বিষয় ভুলে গেলে চলবে না, বাংলাদেশের সব শিক্ষক একই বাস্তবতায় কাজ করেন না। শহর ও গ্রামের প্রতিষ্ঠান, সুযোগ সুবিধাসম্পন্ন ও সীমিত সম্পদের প্রতিষ্ঠান, প্রযুক্তি সমৃদ্ধ ও প্রযুক্তিবঞ্চিত শ্রেণিকক্ষ, সব জায়গার বাস্তবতা এক নয়। ফলে একই নির্দেশ, একই প্রত্যাশা এবং একই মূল্যায়ন কাঠামো প্রয়োগের আগে বাস্তব বৈষম্যগুলো বিবেচনায় নিতে হবে।

শিক্ষকের মর্যাদা তাই শুধু বেতন বা পদোন্নতির প্রশ্ন নয়। এটি একটি সামগ্রিক পেশাগত প্রশ্ন। শিক্ষক কী পরিবেশে কাজ করছেন, কতটা সিদ্ধান্ত নিতে পারছেন, তাঁর দক্ষতা কীভাবে মূল্যায়িত হচ্ছে, প্রশিক্ষণ কতটা কার্যকর, পেশাগত উন্নতির পথ কতটা উন্মুক্ত এবং তাঁর কাজের সামাজিক মূল্য কতটা বাস্তবে প্রতিফলিত হচ্ছে, সবকিছু মিলিয়েই মর্যাদা। এখন প্রয়োজন কথার পরিবর্তে কাঠামোগত পরিবর্তন। শিক্ষককে অশিক্ষণীয় দায়িত্ব থেকে যতটা সম্ভব মুক্ত করতে হবে। প্রশিক্ষণকে করতে হবে প্রয়োগমুখী। পদোন্নতি ও পেশাগত অগ্রগতিতে স্বচ্ছতা নিশ্চিত করতে হবে। দক্ষ শিক্ষককে নেতৃত্বের সুযোগ দিতে হবে। শিক্ষা নীতি ও সংস্কারের আলোচনায় শিক্ষককে অংশীদার করতে হবে। প্রযুক্তি ও কৃত্রিম বুদ্ধিমত্তার ব্যবহার শেখাতে হবে। একই সঙ্গে পেশাগত নৈতিকতা ও জবাবদিহির মানও শক্তিশালী করতে হবে। সবচেয়ে জরুরি হলো দৃষ্টিভঙ্গির পরিবর্তন।

শিক্ষককে আর শুধু জাতি গড়ার কারিগর বলে প্রশংসা করলেই হবে না, তাঁকে সেই কারিগরের মতো কাজ করার উপযুক্ত কর্মশালা দিতে হবে। শিক্ষক দিবসে ফুল থাকুক। ফুল ভালোবাসার প্রতীক, সম্মানেরও প্রতীক। কিন্তু ফুল যেন বাস্তব দায়িত্বের বিকল্প না হয়। ক্রেস্ট যেন ন্যায্য কর্মপরিবেশের বিকল্প না হয়। বক্তৃতা যেন পেশাগত মর্যাদার বিকল্প না হয়। কারণ একজন শিক্ষককে একদিন সম্মানিত করে পরের ৩৬৪ দিন অবহেলা করলে সেই সম্মান আসলে কতটা অর্থবহ?

৫ অক্টোবর তাই শুধু শিক্ষককে ধন্যবাদ জানানোর দিন নয়, নিজেদের শিক্ষা দর্শনকে প্রশ্ন করার দিন। আমরা কি সত্যিই শিক্ষককে বিশ্বাস করি? যদি করি, তবে তাঁকে সিদ্ধান্তে অংশীদার করি। আমরা যদি তাঁর কাছে মানসম্মত শিক্ষা চাই, তবে তাঁর কাজের পরিবেশ নিশ্চিত করি। আমরা যদি জবাবদিহি চাই, তবে ন্যায্য মূল্যায়নের ব্যবস্থা করি। আমরা যদি শিক্ষকের কাছ থেকে পরিবর্তন চাই, তবে পরিবর্তনের জন্য প্রয়োজনীয় সক্ষমতাও তৈরি করি।

শিক্ষককে ফুল দেওয়া বন্ধ করার প্রয়োজন নেই। প্রয়োজন ফুলের আড়ালে থাকা বৈপরীত্যটি দূর করার। শিক্ষককে শুধু এক দিনের শ্রদ্ধা নয়, বছরের প্রতিটি দিনের পেশাগত মর্যাদা দিতে হবে। কারণ শ্রেণিকক্ষে একজন শিক্ষক যতটা স্বাধীন, সক্ষম ও মর্যাদাবান, একটি শিক্ষা ব্যবস্থা শেষ পর্যন্ত ততটাই শক্তিশালী। শিক্ষককে মর্যাদা দেওয়া কোনো অনুগ্রহ নয়; এটি মানসম্মত শিক্ষার পূর্বশর্ত।

কিশোর আইন যখন অপরাধের ঢালে

ইয়াছিন ইবনে ফিরোজ

বাংলাদেশে সাম্প্রতিক অপরাধের মানচিত্রে সবচেয়ে বড় উদ্বেগের নাম 'কিশোর গ্যাং'। পাড়া-মহল্লার উঠতি মাস্তানদের এই চক্রগুলো আজ আর কেবল স্কুল পালানো বা ছোটখাটো উচ্ছৃঙ্খলতায় সীমাবদ্ধ নেই; তারা জড়িয়ে পড়ছে প্রকাশ্য খুন, ছিনতাই, চাঁদাবাজি, ধর্ষণ, মাদক কারবার এবং নারকীয় সব পৈশাচিকতায়। ঢাকার মোহাম্মদপুর, উত্তরা কিংবা ঢাকার বাইরের বিভাগীয় ও জেলা শহরগুলো—সর্বত্রই ধারাল সুইচগিয়ার ও দেশি অস্ত্রে সজ্জিত এই দলগুলো সাধারণ মানুষের জীবনকে এক চরম নিরাপত্তাহীনতার মুখে ঠেলে দিয়েছে। আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর বিভিন্ন তথ্য অনুযায়ী, শুধু রাজধানী ও এর আশেপাশেই শতাধিক কিশোর গ্যাং সক্রিয়, যার সদস্যসংখ্যা কয়েক হাজার। কিন্তু এই বিপদের শিকড় আরো গভীরে; পারিবারিক তদারকির অভাব, সামাজিক স্খলন এবং আইনের কাঠামোগত দুর্বলতা একে আজ এক প্রাতিষ্ঠানিক রূপ দিয়েছে।

তবে জনমনে ক্ষোভের সবচেয়ে বড় জায়গাটি হলো বিচারহীনতার সংস্কৃতি, যার সঙ্গে জড়িয়ে রয়েছে বর্তমান আইনি কাঠামো। ২০১৩ সালে জাতিসংঘ শিশু অধিকার সনদ (ইউএনসিআরসি) অনুসারে বাংলাদেশে 'শিশু আইন, ২০১৩' প্রণীত হয়। আন্তর্জাতিক মানদণ্ড অনুসরণ করতে গিয়ে এই আইনে ১৮ বছর পর্যন্ত বয়সসীমাকে 'শিশু' হিসেবে সংজ্ঞায়িত করা হয়েছে। আইনের মূল উদ্দেশ্য ছিল কোমলমতি শিশুদের লঘু অপরাধের ক্ষেত্রে সংশোধনের সুযোগ দেওয়া এবং তাদের প্রাপ্তবয়স্ক অপরাধীদের কুপ্রভাব থেকে দূরে রাখা। কিন্তু আইনটির বড় গলদ প্রকাশ পাচ্ছে তখন, যখন ১৬ বা ১৭ বছর বয়সি একজন কিশোর ঠান্ডা মাথায় পূর্বপরিকল্পিতভাবে হত্যাকাণ্ড বা নৃশংস ছিনতাই সংগঠিত করছে।

বর্তমান শিশু আইনের আওতায় কোনো শিশু বা কিশোরকে প্রচলিত অর্থে নিয়মিত কারাগারে পাঠানো যায় না; তাদের পাঠানো হয় শিশু উন্নয়ন কেন্দ্রে (কিশোর সংশোধনাগার)। তদুপরি, এই আইনের ৪২ অনুচ্ছেদ অনুযায়ী শিশুকে মৃত্যুদণ্ড বা যাবজ্জীবন কারাদণ্ড দেওয়া নিষিদ্ধ এবং অধিকাংশ গুরুতর অপরাধেও তাদের সর্বোচ্চ আটক রাখার মেয়াদ অত্যন্ত সীমিত (সাধারণত সর্বোচ্চ ৩ থেকে ১০ বছর)।

বাস্তবতা হলো, দেশের শিশু উন্নয়ন কেন্দ্রগুলো, যেমন গাজীপুরের টঙ্গী বা কোনাবাড়ীর কেন্দ্রগুলো, প্রকৃত সংশোধনের জন্য পর্যাপ্ত সুযোগ-সুবিধা ও আধুনিক সাইকো-সোশ্যাল কাউন্সেলিং ব্যবস্থায় অত্যন্ত দুর্বল। ফলে সংশোধনাগারে গিয়ে প্রকৃত অর্থে মনস্তাত্ত্বিক রূপান্তর ঘটার বদলে অনেক কিশোর সেখানে আরো দাগি অপরাধীদের সংস্পর্শে আসে। কয়েক মাস বা কয়েক বছর পর জামিন বা মেয়াদের শেষে যখন তারা সমাজে ফিরে আসে, তখন অনেক ক্ষেত্রেই তারা কোনো সুনাগরিক হয়ে ফেরে না; বরং তাদের মানসিকতা আরো সহিংস ও বেপরোয়া হয়ে ওঠে। মাঠপর্যায়ের পুলিশ কর্মকর্তারাও প্রায়ই স্বীকার করেন, আটক করা অপরাধীদের বয়স ১৮ বছরের নিচে হওয়ায় তারা শিশু আইনের সুবিধার সুযোগ নিয়ে দ্রুত জামিনে বের হয়ে আসে এবং আগের চেয়ে বড় অপরাধে লিপ্ত হয়।

বিশ্বের বহু দেশ কিন্তু এই সংকট উপলব্ধি করে নিজেদের আইনে বড় পরিবর্তন এনেছে। ভারতে ২০১২ সালের নির্ভয়া মামলার এক অপরাধী অপ্রাপ্তবয়স্ক হওয়ায় কঠোর সাজা থেকে রেহাই পায়। এই তীব্র ক্ষোভের মুখে ভারত তাদের 'ঔঁাবহরষব ঔঁংঃরপব (ঈধৎব ধহফ চৎড়ঃবপঃরড়হ ড়ভ ঈযরষফৎবহ) অপঃ, ২০১৫' সংশোধন করে। সেখানে সুস্পষ্ট বিধান যুক্ত করা হয় যে, ১৬ থেকে ১৮ বছর বয়সি কোনো কিশোর যদি খুন, ধর্ষণ বা মারাত্মক কোনো জঘন্য অপরাধ করে, তবে মানসিক ও শারীরিক সক্ষমতা যাচাই সাপেক্ষে তাকে প্রাপ্তবয়স্ক হিসেবে বিবেচনা করে নিয়মিত আদালতে বিচার করা যাবে। যুক্তরাজ্য, যুক্তরাষ্ট্র ও সিঙ্গাপুরের মতো দেশেও অপরাধের নৃশংসতা ও প্রকৃতির ওপর নির্ভর করে কিশোরদের সাধারণ ফৌজদারি আদালতের মুখোমুখি করার সুস্পষ্ট আইন রয়েছে।

বাংলাদেশেও এখন এই আইনি সংস্কারের দাবি সময়ের অনিবার্য প্রয়োজন হয়ে দাঁড়িয়েছে। শিশু আইনের মানবিক দৃষ্টিভঙ্গি বজায় রাখা জরুরি প্রথমবার ঘটা লঘু বা অসাবধানতাবশত অপরাধের জন্য। কিন্তু খুন, ছুরিকাঘাত, পরিকল্পিত হামলা ও দলবদ্ধ ধর্ষণের মতো জঘন্য অপরাধের ক্ষেত্রে বয়সের ঢাল ব্যবহার করে পার পাওয়ার পথ অবিলম্বে বন্ধ করতে হবে।

আইন সংশোধন করে অন্তত ১৬ থেকে ১৮ বছর বয়সি যারা তাদের জঘন্য অপরাধের ক্ষেত্রে মানসিক পরিপক্বতা মূল্যায়ন বোর্ডের ব্যবস্থা চালু করা এবং তাদের নিয়মিত আদালতে বিচারের আওতায় আনার পথ উন্মুক্ত করা দরকার। একইসঙ্গে শিশু উন্নয়ন কেন্দ্রগুলোর অবকাঠামো ও কাউন্সেলিং ব্যবস্থার আধুনিকায়ন ছাড়া কেবল আটক রেখে সমাধান মিলবে না। নাগরিকের বাঁচার সাংবিধানিক অধিকারের চেয়ে কোনো অপরাধীর বয়সের সুযোগ বেশি মূল্যবান হতে পারে না। রাষ্ট্র যদি সময়োপযোগী আইনি সংস্কার ও কঠোর প্রয়োগ নিশ্চিত না করে, তবে আগামী দিনে পাড়া-মহল্লার কিশোর গ্যাং এক অপ্রতিরোধ্য দানবে পরিণত হয়ে গোটা সমাজের নিরাপত্তা কাঠামোকে গুঁড়িয়ে দেবে।

চাঁদপুরে ফিজিওথেরাপি ডাক্তার ও ডিপ্লোমা দ্বারা পরিচালিত
সেবা
ব্যথা মুক্ত সুস্থ জীবন....
ফিজিওথেরাপি সেন্টার
(বাত-ব্যথা ও প্যারালাইসিস্ চিকিৎসা কেন্দ্র)
সেবা সমূহ
ইলেক্ট্রোথেরাপি | ম্যানুপুলেশন থেরাপি | আকুপাংচার
অর্থোসিস ও প্রস্থোসিস | হিজামা চিকিৎসা | ফিজিও জিম
রোগীর থাকার ব্যবস্থা আছে
চাঁদপুর: স্টেডিয়াম রোড ... বিপরীত পার্শ্বে, চাঁদপুর।
ফরিদগঞ্জ: বাস স্ট্যান্ড, লিংক রোড (সেন্ট্রাল হসপিটালের পিছনে) ফরিদগঞ্জ, চাঁদপুর।
হাজীগঞ্জ: পশ্চিম বাজার (আল-বারাকা ফ্লাট সংলগ্ন) হাজীগঞ্জ, চাঁদপুর।
রায়পুর: পৌরসভা রোড (এস এ পরিবহন সংলগ্ন) রায়পুর, লক্ষ্মীপুর।

চাঁদপুর আল আমিন হাসপাতাল (প্রাঃ) লিঃ
আল-আমিন একাডেমী ছাত্রী শাখার পার্শ্বে, নতুন বাজার, চাঁদপুর।
মোবাইলঃ ০১৭১২১২৯৩২০
বিশেষজ্ঞ ডাক্তারগণের চেম্বার

ডাক্তারগণের নাম	বিশেষজ্ঞ	রোগী দেখার সময়
ডাঃ মুহাম্মদ সালাহ্ উদ্দিন, সহযোগী অধ্যাপক ও বিভাগীয় প্রধান, নাক, কান, গলা ও হেড নেক সার্জারী বিভাগ, শেরে-বাংলা মেডিকেল কলেজ, বরিশাল	নাক, কান, গলা রোগ বিশেষজ্ঞ ও হেড নেক সার্জন, কানের সার্জারিতে ও লেজার সার্জারী বিশেষজ্ঞ	প্রতি মাসে ১ম ও ৩য় শুক্রবার দুপুর ৪টা হইতে রাত ৮টা
ডাঃ আনোয়ার হোসেন, এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), এমপিএইচ (বিএসএমএমইউ), সার্টিফাইড ফেলো কার্ডিওলজী, ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন, ঢাকা (জনস্বাস্থ্য বিশেষজ্ঞ), মুগদা মেডিকেল কলেজ ও হাসপাতাল, ঢাকা।	মেডিসিন, নিউরোমেডিসিন, হৃদরোগ, বাতজ্বর, বক্ষব্যাধি, চর্ম ও যৌন রোগ বিশেষজ্ঞ	প্রতি শুক্রবার সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত।
ডাঃ এ.এইচ.এম ফেরদৌস নূর (কাউছার)	নাক, কান, গলা, মুখ গহ্বর, ঘাড় ও মাথা ক্যান্সার রোগ বিশেষজ্ঞ এবং হেড নেক সার্জন	প্রতিদিন দুপুর ২টা হইতে রাত ৯টা
ডাঃ মোঃ সাদ্দাম হোসেন তালুকদার, এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)	মেডিসিন, এ্যাজমা, হাঁপানি, শ্বাসকষ্ট, যক্ষা ও ফুসফুস রোগ বিশেষজ্ঞ	প্রতিদিন দুপুর ২টা থেকে রাত ৮টা পর্যন্ত
ডাঃ আজমিরা বেগম, এমবিবিএস (ঢামেক), বিসিএস (স্বাস্থ্য), ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।	স্ত্রী, প্রসূতিরোগ বিশেষজ্ঞ এবং সার্জন	প্রতিদিন দুপুর ৩টা থেকে রাত ৭টা পর্যন্ত
ডাঃ দ্বীন ইসলাম	নবজাতক শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ	প্রতি রবিঃ থেকে বুধবার।

আমাদের বৈশিষ্ট্য সমূহ:
অভিজ্ঞ ডিপ্লোমাধারী প্যাথলজি টেকনিশিয়ানের মাধ্যমে সকল প্রকার পরীক্ষা-নিরীক্ষা করা হয়।
আউটডোরে ২৪ ঘন্টা এম.বি.বি.এস ডাক্তারের ব্যবস্থা।
নরমাল ডেলিভারীর ব্যবস্থা। বিশেষজ্ঞ ডাক্তারদের চেম্বার সুবিধা।
সার্বক্ষণিক রোগী ভর্তির ব্যবস্থা। স্বল্প ব্যয়ে সবধরনের অপারেশন সুবিধা।
সবধরনের অপারেশন ও পরীক্ষার নির্ভরযোগ্য প্রতিষ্ঠান